James William Colville, Justice of the Supreme Court of India (then in Kolkata) became the first Vice Chancellor in 1857. One year later, 1858, two students: Bankimchandra Chattopadhyaya and Jodunath Bose, earned their degrees. The former worked for the British Indian government all his working life. In his spare time, he developed a second career writing novels, essentially becoming the path finder of modern Bengali prose. In one of his novels, “Ananda Math,” he introduced a poem “Bande Mataram” (Hail to Mother) which was soon set to tune as a song. In it, he imagined a mother figure combining the country, Goddess Durga and Goddess Saraswati. The phrase “Bharat Mata” (Mother India) entered the lexicon. It is a uniquely Hindu Indian expression. One does not hear the phrases “Mother China” or “Mother France.” The song Bande Mataram took the place of a national anthem till independence. It became common practice to start political meetings with this song, and end with everyone saying “Bande Mataram,” and “Bharat Mata ki Jai” (Victory to Mother India.) After independence, it was replaced with “Jai Hind” (Victory to India), a phrase first used by Subhash Bose, another CU graduate, and later adopted by Jawaharlal Nehru, first Prime Minister of India after independence. Asutosh Mukherjee is still remembered for his long tenure as Vice Chancellor, and his role in shaping the university.

In 1883, a retired British member of the Indian Civil Service (Allan Octavian Hume) wrote an open letter to the graduates of Calcutta University (the intelligentsia in those days) proposing establishment of an organization to discuss problems in the society and appeal to the British Indian

government for redress. He obtained the necessary permission from the government. A meeting was held in 1885 in Bombay City (now Mumbai) with some 70+ persons attending and enthusiastic support from the wealthy Parsee community, including some founder-sponsors. The organization was named the Indian National Congress. W.C. Bonnerjee was elected the first president. He was a fellow of the Calcutta University and connected with the faculty of Law. In fifteen years, by the turn of the century, the nature of Congress changed from a social organization to a political party demanding more voice in government. This is how India's freedom movement got its start from Bankim's inspirational writings and an organization led by Calcutta University graduates. The British Mr. Hyde created the Cellular Jail in Port Blair in the remote island of Andaman for deporting and torturing freedom fighters. For about a hundred years, some 80% of those imprisoned there were from Bengal – mostly educated in Calcutta University. The torture was brutal, designed to break the spirit – a freedom fighter named Ullaskar Dutta went mad. This jail is waitlisted since 2014 for recognition by UNESCO as a World Heritage Site. The first person hanged there was Sher Ali, a Pathan, for killing the then Viceroy of India, Lord Mayo. There were three nooses side by side so that three captives could be executed together. British efficiency in action.

Narendranath Datta of Kolkata was educated in Scottish Church College. He became a follower of Ramakrishna, took Sanyas (monk-hood), and in 1893, attended the World's Parliament of Religions in Chicago. His speech electrified the audience, and he spent several years in America lecturing on Hinduism (several of his talks were on Buddhism). During his journey by

boat to America, he met a fellow passenger, Jamshedji Tata, the Parsee industrialist who built the first steel plant in India. Vivekananda suggested emphasis on science education, ignored by the British Indian government at that time. Tata set up an Institute in Bangalore (now called the Indian Institute of Science), which became a leading center of science and engineering education. Bangalore is now the heart of the "Silicon Valley" of India. In 1990's, a professor at the California Institute of Technology (CalTech), one of the top technical institutions in America, told me that he had spent a few years in IISc as a visiting professor, and out of curiosity, looked up the constitution of the IISc. He found the IISc and the CalTech constitutions to be surprisingly similar, except that IISc was much older. An interesting incident was documented by Marie Louis Burke in her book, *Swami Vivekananda In America* (1958). Vivekananda used to stay as house guest with families when he visited many cities giving talks on Hinduism. Marie Louis was a little girl when he stayed with her family. She wrote her book when she was in her sixties. She wrote (p. 95) "Once he said to my grandmother that he had had the greatest temptation of his life in America. She liked to tease him a bit and said, "Who is she, Swami?" He burst out laughing and said, "Oh, it is not a lady, it is Organization!" He explained how the followers of Ramakrishna had all gone out alone and when they reached a village, would just quietly sit under a tree and wait for those in trouble to come to consult them. But in the States, he saw how much could be accomplished by organizing work. ... he gave a great deal of thought and study how to adapt what seemed good to him in our Western World to the best advantage of his own people." This is how Vivekananda developed the idea

of creating Ramakrishna Mission as a service organization. The amazing thing is that a young man in his early thirties, with only a liberal education and no work experience, could create such an enduring and effective organization within a short time. He established three Vedanta Centers in America; in New York, Los Angeles and San Francisco. Now there are many dozens in various cities around the world, including one in Moscow, Russia. A large Center was set up in the suburbs of Paris with support from the French author-philosopher, Romain Rolland, who wrote biographies of Vivekananda and Ramakrishna. Vivekananda passed away at age 39. He reminds me of Adi Shankara, who passed away at age 32, but changed the basic philosophical underpinnings of Hinduism to Advaita (non-duality).

The Tagore (Thakur) family with all its branches was prominent contributors to the Bengal Renaissance and many were connected to Calcutta University. Gopimohan Tagore was one of the founders of Hindu College (now, Presidency University), and his son Prasanna Coomer Tagore was a director of Hindu College. Calcutta university still holds Tagore Law Lectures using the proceeds of the donations he had made for the purpose. The reform movement of Brahmo Samaj – a driving force behind the Bengal Renaissance -- was led by Debendranath Tagore. Two of his sons – Satyendranath and Ganendranath – were among the first students to pass the Calcutta University Entrance Examination in 1857. Satyendra became the first Indian to join the Indian Civil Service. Debendranath's youngest son, Rabindranath (Rabi Thakur) needs no introduction to an Indian. He became the first Asian to win the Nobel Prize for literature in 1913; it would be another 50 years before a second Asian (from Japan)

won the prize. He attended St. Xaviers College for a while but did not enjoy the structured teaching style. He was self-taught, and established a university in Santiniketan later in life. Mahatma Gandhi used to call him Gurudev (Revered Teacher.) It would be hard to find another person in world history who accomplished as much as Tagore did; perhaps Leonardo da Vinci and Shakespeare taken together would be a good choice. Seventyfive years after his death, the influence of his writings still dominates Indian, specially, Bengali culture. Two of his poems rendered into songs are the national anthems of two nations: India and Bangladesh; a unique distinction. (Also see Amartya Sen on Tagore: <https://newrepublic.com/article/89649/rabindranath-tagore>)

The first person born in India to receive the Nobel Prize was Ronald Ross in 1902 for his discovery that malaria is spread by mosquitos. He had British nationality. He joined the Indian Medical Service and worked at the P.G.Hospital in Calcutta. It appears likely that he had collaborated with the Calcutta Medical College, but I have not found any documentation. C.V.Raman worked in Calcutta and received the Nobel Prize in Physics in 1930. He was so convinced of his idea that he raised funds for his experimental equipment with a promise to his benefactors that he will bring back the Prize if he can perform the experiment. Amartya Sen received the prize in economics in 1990 – we happened to be in the same graduating batch in Presidency College in 1953. The last Nobel Laureate I would like to mention in Abdus Salam of Pakistan who shared the Nobel Prize in physics with Stephen Weinberg and Sheldon Glasow in 1979. In 1981, Calcutta University decided to award Salam a gold medal. He declined because his teacher who taught Salam all the

mathematics he needed to earn his Nobel, had received no award from Calcutta University, his alma mater. This teacher, Anilendranath Gongopadhyaya, taught at a college in Lahore where Salam was a student. Calcutta University instituted an Eminent Teacher Award specially for him and Salam attended the award ceremony at his ailing teacher's residence in South Kolkata in 1981 – a year before he passed away. Jagadish Chandra Bose, of Presidency College, discovered radio waves before Marconi, but did not get publicity in the West. Prasanto Mohalanabish, became a world pioneer in the new field of Statistics, established the one of the world's first Department of Statistics (in Presidency College), and went on to establish the Indian Institute of Statistics. When University of North Carolina decided to set up a department of statistics, it hired a whole group led by R.C.Bose from the Institute. I have known American students from New York wanting to do Ph.D. in Statistics moving to Chapel Hill. C.R.Rao, deputy to Mohalanabish, is now in his nineties and lives in Buffalo, NY after a second career in America.

For about 75 years, 1875-1950, Calcutta University graduates spread the new awakening all over India. A large number of professionals – lawyers, physicians, professors – in various cities of India were from Bengal. Meghnad Saha went to Allahabad to set up the Physics Department; later in life he came back to set up the Institute of Nuclear Physics in Science College, Kolkata. His classmate, Satyendranath Bose, went to Dhaka; he corresponded with Einstein to develop the Bose-Einstein Statistics. Dirac gave the name Boson to elementary particles that obey the Bose-Einstein Statistics. Jnan Ghosh, chemist, taught at Dhaka, and later became

the Director of the highly regarded Institute in Bangalore. After independence, at the request of the Government of India, he established the Indian Institute of Technology in Kharagpur in mid 1950s. This served as a model for later IITs in various other Indian cities, as well as several Indian Institutes of Management. The very prestigious Thomson School of Civil Engineering was established in Roorkee in early nineteenth century to train Indians in surveying and drafting. After independence, it was upgraded to a university and given IIT-equivalent status. C.S.Ghosh from the Indian Institute of Science in Bangalore moved to Roorkee and headed up the Electrical Engineering Department. Not only in academics, CU graduates excelled in other fields as well. Himangshu Rai had a law degree from CU but developed an interest in film making. He went to Mumbai and started Bombay Talkies in 1934, one of the pioneer institutions in Bollywood. His wife Devika Rani was a prominent actress; his brother-in-law Ashok Kumar became a famous actor. Indeed, there were so many professional Bengalis spread throughout India that they celebrated their love of Bengali literature by holding an annual Probashi Banga Sahitya Sammelan in different cities in India. In a sense, these were the precursors of the North American Bengali Conference that is now held every year in various U.S.cities. Finally, the first president of independent India, Rajendra Prasad, was educated in Presidency College, Calcutta University. He lived in Hindu Hostel and used to carry a small container of ghee with him at lunch and dinner. There were stories of his classmates playing pranks on him. The first vice president of independent India, Radhakrishnan, taught philosophy at Calcutta University for about ten years.

However, with time both Bengal and Calcutta University went into gradual decline. By 1900, Mr. Hyde concluded that Bengal was ungovernable. He started to use the divide and rule policy to separate Hindus and Muslims. In 1905, the partition of Bengal was announced but was retracted after furious resistance (including celebration of Rakhi Bandhan to demonstrate solidarity). But Bengal was later partitioned on the basis of language; it lost Bihar, Orissa and Assam. In Dhaka in 1906, Aga Khan III, a British lackey, established the Muslim League as a counterweight to Congress. (His grandfather, Aga Khan I was on the British payroll.) Finally, it was announced on December 12, 1911, that the capital of British India will move from Calcutta (where it had been for 139 years) to Delhi. The new capital was inaugurated on February 13, 1931. Calcutta lost its importance, and access to financial resources. In the mid-1930s, Jinnah came back to India to demand a separate homeland for Muslims arguing that Hindus and Muslims were two nations. (He spent a night in Churchill's country home in Chartwell as house guest. There is no record of their discussions, but it is known that they agreed to use pseudonyms in future correspondence.) Under a new law passed in 1935, Indians formed provincial governments in 1937. Muslim League won in Bengal and Sindh, Congress in other provinces. The Second World War started in September 1939. The Indian government joined the war without consulting Indian leaders. In a pique, Congress resigned from all provincial governments. Jinnah called it "the day of deliverance" for Muslims. Gandhi announced the Quit India movement in 1942 demanding full independence. Armed uprisings (i.e., sporadic terrorist actions) started in Bengal, mostly with student participation. When Japan opened an

Eastern front, Churchill ordered "scorched earth" policy to be employed in East Bengal to prevent the Japanese from coming in. Many of the roads and bridges were destroyed. None of the agricultural produce could be moved to Kolkata and West Bengal. An estimated 2+ million people died in the famine of 1943. When the Indian government appealed to Churchill for relief because people were dying, Churchill famously said, "Why isn't Gandhi dead yet?" Japan dropped a couple of small bombs over Kidderpore. Then came the infamous riots, the Great Calcutta Killing on August 16, 1946. TIME magazine published a report <http://www.time.com/time/magazine/article/0,9171,933559,00.html>. in the August 26, 1946 issue that Jinnah the lawyer expected to be jailed for inciting the riot. But the Brits did not jail him; he was their man, their agent. TIME magazine values this report so much that it renewed the copyright protection in 2013. The partition in August 1947 was followed by massive influx of refugees from East Pakistan. For the next five or ten years, it was difficult to use Sealdah North Railway Station because of the refugees living on the platform with nowhere else to go. The political turmoil over several decades impacted the normal operation of society, including education.

After independence, the ruling parties in West Bengal (Communist Party of India, Trinamul Congress) has almost always been in opposition to the party in power at the Center and West Bengal became a stepchild. As the situation in Bengal declined, the prestige of Calcutta University declined with it. Its jurisdiction today is miniscule compared to what it was in 1857. Its resources are limited.

I would like to emphasize a few points. It is a historical fact that the Islamic conquest

of India was one of the most brutal in human history. But that was then. Indians have learned to live together. Maulana Abul Kalam Azad, a Muslim Cleric, holds the record for the longest term as president of the Indian National Congress. Khan Abdul Gaffar Khan, fondly called Frontier Gandhi, was the undisputed leader of the Pathans (Pakhtuns) and strongly opposed the partition. They were both dismayed by Nehru's surprise acceptance of the partition of India. Most Hindu intellectuals today criticize the current BJP government in India because of its anti-Muslim stance. Indian national anthem celebrates the medley of religions in Indian society – Hindu, Buddhist, Sikh, Jain, Parsee, Muslim, Christian. Muslim population in India is thriving and has increased not only in absolute number, but as a percentage of Indian population after independence. Muslims have occupied important positions in government and have made many important contributions. Many Bollywood celebrities are Muslim; Indian Rocket program was led by a Muslim; India is a secular country – it has no state religion.

The second point is personal. I was disappointed with the omission of Calcutta University in the list of top twenty universities in India. A search on the web led to the finding that there are numerous different rankings available. One such top ten list by an international organization (BRICS University Rankings 2018) showed the University of Delhi in the seventh place and Calcutta University in tenth; rest eight were IITs. That made me happy.

A friend asked me to predict the future of Calcutta University. Yogi Berra once said that predictions are tough to make, specially about the future. Explanations of certain

past events are also hard. No one can explain why several brilliant people were born within a relatively short period in Italy to create the Renaissance; many more in Bengal for the Bengal Renaissance. If I compare the two cases, three common characteristics are obvious: (1) History of an old thriving civilization: Rome and Magadh, almost as if something stays behind in the soil or the DNA of the people, (2) Contact with new ideas: from Arabs and British, (3) Financial sponsorship: Medici family in Florence and British Raj with capital in Calcutta. There is no question that relatively speaking, the resources currently available to Calcutta University are much less compared to universities in Delhi, Mumbai or Gujrat, or the IITs and IIMs. It cannot attract outside talent as it did before (think of Radhakrishnan and Raman). The financial situation in Bengal and Kolkata has been poor for decades, both because of massive influx of refugees during 1947-1955, and again in 1969-71, and the political decisions made by people in power. The next burst of achievements in India is likely to happen in Bangalore, Hyderabad, Mumbai, or Gujrat. This is the way things happen; Italy is no longer the center of European civilization.

A final comment. Had this paper been written for a professional journal, there would have been many – perhaps a hundred – footnotes and endnotes of citations consuming a large amount of space. That did not seem appropriate for this magazine. However, I would like to encourage curious readers, especially young ones, to google the names of persons mentioned in the article, and key phrases. It would be a rewarding experience, and lead to the development of a good habit.

ভূতি

প্রিয় রঞ্জন বসু

ভূতিকে সামলানো একটা শক্ত কাজ। তিন বছরের নাতনি। দুটুমি আর চঞ্চলতা বেড়েই চলেছে — বয়সটাই তো ওরকম। ছুটছে, ব্যাথা পাচ্ছে, কোন ক্রম্প নেই। আমরা সব সময় তটস্থ। সবাই বলে, ভূতি একটু বেশী চঞ্চল, সবার সঙ্গে মেশে, মুখে কথার খৈ ফুটছে। পি-স্কুলে পড়ে — আমেরিকান অ্যাকসেন্টে কথা বলা শিখছে। তাতে মুস্কিল হয় আমাদের। ওর আবদার বায়নাগুলো সব সময় বুঝতে পারি না, ওর মা-বাবার জন্য অপেক্ষা করতে হয়। স্কুল ওর খুব আকর্ষণের জায়গা; অনেক সমবয়সী বন্ধু, খেলাধুলা-ছবি আঁকা-নাচ-গান, কত কি। মাঝে মাঝে নতুন নতুন খেলা শিখে আসে — ওর সঙ্গে ভাল মিলিয়ে খেলতে হবে — বুড়োবুড়ি হাঁপিয়ে উঠি! যেমন কাল বলল, মিউজিকাল চেয়ার খেলতে হবে — খেলতে হল, নয়ত তার মুখ ভার। শিশুর সাথে খেলতে খেলতে বয়সের কথা মনে থাকে না, কোমরের ব্যাথা বাড়ে — মলম-সেকের শরণাপন্ন হতে হয়। তা বলে খেলা বন্ধ করা যাবে না।

সব সময় শিশুদের নতুন কিছু দেখার আগ্রহ। একটা ছোট্ট হারের পুঁতিও ওর কাছে বিস্ময়ের জিনিষ। শিশুর মনের হৃদয় পাওয়া বড় কঠিন। ঘুম থেকে উঠিয়ে ওর মা স্কুলে পাঠায়। সকালে উঠে কান্না চিৎকার, তার সেই পুতুলটা কোথায়, যেটা নিয়ে আজ স্কুলে যেতে হবে — দিদাকে নাকি কখন বলেছিল; মার জানা নেই ব্যাপারটা। কলকাতার মেলা থেকে দিদা একটা কাঠের পুতুল-বৌ এনেছিল, টানা হেঁচড়াতে তার নাক ভেঁতা হয়ে গেছে, সেটাকে পুঁতির মালা পরানো হয়েছে, তাকে নিয়ে স্কুলে যাবে। মা যত বলে ওটা নয়, অন্য সুন্দর খেলনা নিয়ে যাও, তার মন ভরে না। ওটাই চাই, সেটা কোথায় খেলনার ভীড়ে মিশে আছে, খুঁজে বের করা সময়সাপেক্ষ। স্কুলে যেতে দেবী হয়ে যাবে। অনন্যোপায় মার একমাত্র সাবেকি শাসন — কল্পিত কিছু ভয় দেখান — নয়ত ভর্তসনা।

তিরিশ বছর আগে ভূতির মা কলকাতায় বড় হয়েছে, তখন এত খেলনা পাওয়া যেত না। বছরকার মেলা থেকে হরেক রকম খেলনা কিনতাম। চাকরিসূত্রে বিদেশে গেলে পুতুল, খেলনা এনেছি। মেয়ে খুশি হত। কিন্তু, শিশুদের মতিগতি বোঝা ভার — কিসে যে কখন তাদের মন টানে!

ভূতির মা যখন ছোট ছিল, তখনকার একটা ঘটনা এখনো মনে আছে।

মেয়ের বয়স তখন তিন। রানাঘাটে মামার বাড়ি তার এক বড় আকর্ষণ। বাড়ির খোলা উঠানে ছাগলছানা, হাঁস-মুরগির বাচ্চার সঙ্গে খেলা, ছাগলের বাচ্চাকে কোলে নেওয়া, বাছুরের হাস্য হাস্য করে লাফিয়ে বেড়ানো — হরেক রকম আকর্ষণ সেখানে।

রানাঘাটে যাচ্ছি শেয়ালদা থেকে লোকাল ট্রেনে। স্টেশনে ঢুকবার রাস্তায় লোকের ঠাসা ভীড় — আর ভিতরে প্যাসেঞ্জারের জটলা। তার ওপর হকাররা। মেয়ে কোলে না উঠে হাঁটার বায়না ধরল। একহাতে একটা পুতুল বুকে চেপে গুটি গুটি হাঁটছিল। হঠাৎ দাঁড়িয়ে পড়ল — যাবে না, হাত ধরে টানছে। কি ব্যাপার? ওর মর্জিমত কয়েক পা পিছতে হল। ফুটপাতে হকার কাপড় শুকোবার নানারঙের ক্লিপ বিক্রি করছিল। মেয়ে আঙুল দিয়ে দেখাল তার ক্লিপ চাই। শিশুরবাড়ি যাচ্ছি — ক্লিপ নিয়ে কি হবে!

ট্রেন ছাড়ার সময় হয়ে যাচ্ছে। স্ত্রী বলল, “দাওনা দুটো কিনে, ঝামেলা মিটিয়ে চল”, বলে দুটো ক্লিপ নিয়ে ওর হাতে দিল। ভাবলাম ঝামেলা মিটল।

কিন্তু কোথায় কি! মেয়ে পিছনে হাত দু’টো নিয়ে মুখ গৌজ করে দাঁড়িয়ে রইল। জিগ্যেস করলাম, “কি হল, যাবে না?” স্ত্রী আদর করে বোঝাল, “ট্রেন ছেড়ে দেবো। মামার বাড়ি চল। ছাগলের বাচ্চা নিয়ে খেলবে না?”

কোলে তুলতে গেলাম। উঠবে না। তার সবগুলো চাই। হকারও মজা পেয়েছে, “বৌদি দুটো দিয়ে কী হবে, এক ডজন নিয়ে যান, কাজে লাগবে।”

আরও গোটা ছয়েক কেনা হল। ততক্ষণে মেয়ে মার হাত ধরে ঝুলে পড়েছে। মেয়ে তো এরকম জিদ করে না। রাস্তায় বসে পড়ছে। পথ-চলতি মানুষ তাকাচ্ছে। খুব বিরক্ত হচ্ছিলাম। শেষ পর্যন্ত নানা রঙের দু’ ডজন ক্লিপ কিনতে হল।

শিশুদের মতিগতির কথা ভেবে আশ্চর্য হই। কিন্তু আশ্চর্য হওয়ার আরও বাকি ছিল।

সেই মেয়ের মেয়ে ভূতি।

আজকাল সর্বত্র কত মন ভোলান খেলনা রয়েছে। বাড়িতে কতরকম খেলনা আসছে। উপলক্ষ্য অনেক — খ্রীষ্টমাস, নিউ ইয়ার, জন্মদিন, বন্ধুদের উপহার। নাতনি এটা নিয়ে খেলছে, পুরোন হওয়ার আগে আরেকটা আসছে। অবাধ হয়ে দেখি।

এবারের ঘটনাটা একেবারেই অন্যরকম। সেদিন অফিস থেকে ফেরার সময় মা মেয়েকে স্কুল থেকে নিয়ে এসেছে। ভূতিকে দিদার হাতে দিয়ে ওর মা একটা দরকারি কাজে বেরিয়ে গেল। দিদার ওকে খাওয়াবার কথা, ওপরের ঘরে আমি খবরের কাগজ পড়ছি। খানিকক্ষণ পরেই নাতনির কান্নার আওয়াজ পেলাম — ভাবলাম, যা হয়ে থাকে, সে হয়ত আছে না, আর দিদাও চেষ্টা করছে। কিন্তু একটু পরেই টের পেলাম — না, কান্না যেন একটু একটু করে বাড়ছে। দিদা সামলাতে পারছে না। ভূতির দিদার ঝাঁঝাল কণ্ঠস্বর কানে এল, “একবার নীচে আসবে? দিনরাত কাগজ পড়ছ, নাতনি কি চাইছে একটু দেখতে তো পার, না কী?”

কি ব্যাপার? হস্তদস্ত হয়ে নীচে এলাম।

“ছোট একটা বাচ্চাকে সামলাতে পারছ না?” নাতনির কাছে মুশকিল আসানের মত এগিয়ে গেলাম।

“শোন কি চাইছে, কথাই তো বুঝতে পারছি না।”

“কি চাইছ, দিদু?” বুঝতে চেষ্টা করলাম।

“মনে হচ্ছে কিউবি না কি বলছো?”

উল্টে আমি স্ত্রীকে জিজ্ঞাসা করলাম, “সেটা কি?”

“আমি তা জানি না। এখনও একটুও খাবার মুখে দেয় নি। সারাদিন পরে কিছু খাবে তো। ওর মার আসতে দেবী হবে।” স্ত্রীকে চিন্তান্বিত দেখলাম।

ভূতি মুখ গৌজ করে বসে আছে, তার কিউবি চাই। বড় মুশকিলে পড়লাম।

দুজনে বোঝাতে লাগলাম, “মাম্মি আসুক, তারপর কিউবি খুঁজে দেব।”

ভূতি বলল, “ডাডু, আমি ভীষণ স্যাড। আমার কিউবি দাও।”

মাথায় হাত দিয়ে বলতে হল, “ডাডু নটি, কিছু জানে না।”

সে নাছোড়বান্দা — না দিলে খাবে না। বললাম, বেড়াতে নিয়ে যাব, পার্কে যাব, গল্প করব — কিছুতেই ভোলান যায় না। অনেক সাধ্যসাধনার পর একটু আধটু মুখে দিল।

মেয়ের ফিরে আসার অপেক্ষা করতে লাগলাম।

ঘন্টাখানেক পরে মেয়ে ফিরল। বললাম কিউবি বৃত্তান্ত। জিজ্ঞাসা করলাম, কিউবি কি? এমন কি জিনিস যেটা না পেলে ও খাচ্ছে না?

মেয়ে ভূতিকে মৃদু তিরস্কার করল। ভূতির কথা, আবদার তার মা বোঝে, জানে — আমরা কি করে জানব!

মেয়ে ওপরে শোবার ঘরে চলে গেল। হাতের মুঠোয় কি একটা নিয়ে নীচে নামল। মুঠোয় ধরা জিনিসটা এত ছোট যে সামনে থেকে না দেখলে নজরে আসে না।

“এই নাও তোমার কিউবি। এইবার খাবারটা খেয়ে নাও। বালিশের নীচে রেখে এসে দিদুকে বিরক্ত করছ।”

হাতে কিউবি পেয়ে ভূতির সে কি খিলখিল হাসি। হাতের মুঠো খুলে আমাদের দু’জনকে দেখাতে লাগল। আমরা হতবুদ্ধি — এত খেলনা ফেলে এই সামান্য একটা জিনিসের জন্য এত বায়না! সাদা ফোমের একটা এক সেন্টিমিটার কিউবি, কোন একটা বার্বি-ডলের প্যাকেট খুলতে বেরিয়েছিল। ওর মা ওকে দিয়েছিল, যত্ন করে সেটা রেখে দিয়েছিল।

তারপর থেকে আমরা লক্ষ্য রাখতাম — নানা রঙের ব্লক দিয়ে ক্যাসেল, ঘরবাড়ি কত কি বানায়, আমাদেরও যোগ দিতে হয় মাঝে মাঝে। তার কেন্দ্রতে ঐ ছোট্ট কিউবি বসায়। কখনও একটা চাদর পেতে পুতুল খেলছে, তার মাঝে কিউবিটা বসাবে।

শিশুকে খাওয়ানো রোজকার একটা কষ্টসাধ্য ব্যাপার। নানা অছিলা, অলীক গল্পের অবতারণা। আই-প্যাডে নানা খেলা দেখানো, কত কি করে খাওয়ানো — গত তিন বছর ধরে এই চলে আসছে। এখন নতুন সংযোজন — কিউবি।

স্কুল থেকে ফিরে ওটা হাতের মুঠোয় নিয়ে বসে। স্কুলে যাওয়ার সময় কোথাও লুকিয়ে রাখে সেটা — কৌটোর নীচে, খেলনার বাস্কে, অদ্ভুত অদ্ভুত জায়গায়।

রাতে শুতে যাওয়ার আগে আমাদের ঘরে আসে — দুজনকে ‘হাগ’ করে গুড-নাইট জানায়। একটা খেলার বুড়িতে রাখে সবুজ ব্যাং, কলকাতার ফুটপাথ থেকে কেনা মাথার মুকুট — সবকিছুর মাঝখানে ছোট্ট নার্স ভমিকার শিশি। শিশি থেকে রোজ একটা দুটো দানা খায়। একদিন দিদু আবিষ্কার করল, ওই বুড়ির মধ্যে কখন যেন তার মহামূল্যবান কিউবি এনে লুকিয়ে রেখেছে। জানি — কোন কিছুর ওপর বাচ্চাদের টান — ক’দিন পরেই ভুলে যাবে।

স্কুলে বন্ধুরা, টিচাররা ভূতির জন্মদিন পালন করে। বাড়িতে ভূতির জন্মদিন একটা বড় উৎসব। মেয়ে জামাইয়ের বন্ধু-বান্ধবরা নিমন্ত্রিত হয়। তারা উপহার আনে। তাই ভূতি জন্মদিন পালন করা নিয়ে বেশ আগ্রহী। আমাদের জন্ম-তারিখের প্রয়োজন হয় নানা ফর্ম ফিল আপ করতে — ব্যাস্কে, অফিসে, পাশপোর্টে। তবে কখনও দরজা খুলে যদি ফুলের তোড়া বা গিফট কার্ড পাই, ভালোই লাগে। দেশে মেয়ের জন্মদিন আমরা অবশ্য পালন করতাম।

কাল আমার মেয়ের জন্মদিন। অনেক বছর আমরা ওই দিন এক সঙ্গে থাকি নি, এবার আছি। তবে সব কিছু ঘরোয়া পরিবেশেই হবে। ভূতির বাবা অফিস টুরে বাইরে। দিনটার কথা মনে রেখে একটা বার্থ-ডে কার্ড আমরা বাবা মা দু’জনে সই করে রেখেছি। কাল ভোরে ঘুম ভাঙার সময় হাতে দিয়ে উইশ করব।

সকালে খুব ভোরে ভূতির দিদি স্নান, পূজা সেরে নিয়েছে, পায়ের তৈরী হয়ে গেছে। আমাকে বলল, “চল, মেয়ের ঘুম ভাঙাই।”

কার্ডটা নিয়ে মেয়ের ঘরে ঢুকলাম, মেয়েকে জন্মদিনের আদর ও দীর্ঘ, সুখী জীবন কামনা করলাম — বিছানায় মার পাশে শুয়ে ছোট্ট একটা মাথা, দুটো চোখ জুলজুল করে সবকিছু দেখছিল।

আমরা ঘরে এসে সবে চায়ে চুমুক দিতে শুরু করেছি, মেয়ের ঘরে নাতনির কান্নার আওয়াজ শুনতে পেলাম। সে বলছে, “মামি, আজ তোমার জন্মদিন, আমাকে কেন বলনি? আমি তোমাকে কি গিফট দেব? দাদু দিদা দিলা।”

মা বোঝাচ্ছে, “ড্যাডি আসুক, তখন হবে।”

“না, আমার কার্ড কোথায়?”

“ঠিক আছে, দাদুকে বলা দাদু একটা কার্ড তৈরী করে দেবো।”

কয়েক মুহূর্ত পরেই দেখলাম, আমার সামনে টিং টিঙে ভূতি এই ঠান্ডায় শুধু একটা গেঞ্জি গায়ে দাঁড়িয়ে। “আরে এ কি, ঠান্ডা লাগবে যো।”

“ডাডু, মেক ওয়ান গিফট ফর মামি, প্লিজ।”

সত্যি খুব ভুল হয়ে গেছে — ওর কথা কেউ ভাবিনি। ও যে ওর মাকে কার্ড দিতে পারে সে কথাটা আমাদের মনে হয় নি।

আমি হচ্ছি নাতনির ছোটখাটো এই সব ফাইফরমাশের লোক। সান্তনা দিলাম, “পাঁচ মিনিট সবুর কর, কার্ড রেডি হচ্ছে।”

একটা রঙিন খামের উপর ভূতির ক্রেয়ন দিয়ে মা-মেয়ের ছবি আঁকলাম — নীল দিয়ে আকাশ, হলুদ রঙ দিয়ে সূর্য। একটা ম্যাগনেট-লাগান মাছ খামের খামের ভিতর ঢুকিয়ে রেডি করতে না করতে ভূতি আবার হাজির। গভীর আগ্রহ নিয়ে জিনিসগুলো দেখতে লাগল। খামের ওপর লিখলাম, “মামি, হ্যাপি বার্থ ডে।” ওর হাত ধরে কার্ডের ওপর ওর নাম লেখলাম, “ভূতি।” জিগোস করলাম, “এবার তুমি হ্যাপি?”

দেখলাম মুখে তেমন হাসি নেই। ওর মা জোর করে খাওয়াতে গেলে, যে রকম বিরসবদনে খায়, মুখের ভাব অনেকটা যেন সে রকম। কিছু একটা ভাবছে। হঠাৎ কার্ড না নিয়ে দৌড়ে চলে গেল। আমার মনটা খারাপ হল — নাতনির গিফটটা পছন্দ হল না।

পাশের ঘরে মেয়ের গলা শুনলাম, “ওখানে বিছানায় কি খুঁজছে?”

একটু পরেই ভূতি ফিরে এল, “ডাডু, পুট্ ইট্ ইনসাইড মাই গিফট প্যাকেট,” বলে খামের মধ্যে সেই ছোট্ট ‘কিউবি’ ঢুকিয়ে দিয়ে আমার মুখের দিকে তাকাল। দেখলাম আনন্দের ছটায় উদ্ভাসিত ছোট্ট একটি মুখ — মুখে দুর্লভ, অনাবিল হাসি, তার সবচেয়ে প্রিয় জিনিসটি মাকে দিতে পেরে।

খামটা নিয়ে এক দৌড়ে মার ঘরে চলে গেল।



আলোর গান

দীপাঞ্জন বসু

আজকাল আর তেমন করে প্রকৃতির প্রেম
ধরা দেয় না আমার লেখায়—
বুকও ভরে না, চোখও মজে না,
শরীরে বাজে না আকাশ-বাতাসের গান—
জীবনান্দের রূপসী বাংলা অথবা নাটোরের বনলতা সেন!
নগর জীবনের চার দেয়ালের বাইরে
পড়ে রইল আসল জীবনটা সমস্ত আকাশ-বাতাস নিয়ে!
আজকাল আর তেমন করে প্রকৃতির প্রেম ধরা দেয় না আমার লেখায়—

আমি স্থবির-পাখনা পাখি — চোখের দৃষ্টিও ক্লান্ত বিজিত জীবনের ছবি দেখে দেখে—
আর কলমটা এখন অন্ধকারের বন্ধু,
অপরাধের নিষ্ফল প্রতিবাদ-মিছিলে পা চালিয়ে চালিয়ে
আলোর গান গাইতে ভুলে গেছে।

কতদিন আমি দেখিনি নিজেকে
লাল মাটির খোয়াই-এর পথে—
শান্ত শীতল ঝিলের জলে, সবুজ দ্বীপের ছায়ার ফাঁকে,
রোদের আলপনায়—
আজকাল আর তেমন করে প্রকৃতির প্রেম ধরা দেয় না আমার লেখায়।



শেষ গান

দেবাঞ্জন বিশ্বাস

তখন ১৯৪১ সালের এপ্রিল মাস। শান্তিনিকেতনে রবীন্দ্রনাথ অত্যন্ত অসুস্থ, শয্যাশায়ী। হাঁটা চলা করা, এমনকি কথা বলতেও তাঁর কষ্ট হয়। সারা জীবন জুড়ে পাঠকের জন্য সাহিত্য ও সঙ্গীতের যে অমৃত-সাগর তিনি সৃজন করেছিলেন, সেই লেখালেখি করতে এখনও তাঁর প্রাণ চায় বটে কিন্তু রোগজীর্ণ শরীর চায় না। সেদিন সকালে রোগশান্ত কবি তাঁর বিছানায় নিজীবের মতো চোখ বন্ধ করে শুয়ে আছেন। ঘরের এক পাশে মেঝেতে মাদুর বিছিয়ে কবিকন্যা মীরা দেবী আর কন্যাসমা মৈত্রেয়ী দেবী বসে নিজেদের মধ্যে আলাপচারিতায় ব্যস্ত।

এমন সময় “রবি-দা, রবি-দা” বলে ডাকতে ডাকতে বসন্তের দমকা হাওয়ার মতো ঘরে ঢোকেন সৌমেন্দ্রনাথ ঠাকুর। পাশ ফিরে ক্লান্ত চোখ মেলে তাকান কবি। খুশির আভাষ ছড়িয়ে পড়ে তাঁর দৃষ্টিতে, বলেন, “সৌম্য এসেছিস! তুই কি আজকেই চলে যাচ্ছিস?”

রবীন্দ্রনাথের সর্বজ্যেষ্ঠ দাদা দ্বিজেন্দ্রনাথের নাতি সৌমেন্দ্রনাথ এক বর্ণময় চরিত্র। কবির কাছেও তিনি ছিলেন অতি প্রিয় ও আদৃত। অসাধারণ বক্তা এই সৌমেন্দ্রনাথ ছিলেন ভারতবর্ষে কম্যুনিষ্ট আন্দোলনের পুরোধা ও মানবেন্দ্র নাথ রায়, মুজফফর আহমেদের সহযোগী। ইউরোপে সমাজতন্ত্রের মন্ত্র ছড়ানোর অভিযোগে ইংল্যান্ড ও নাৎসি জার্মানিতে তাঁকে কারারুদ্ধ করা হয় বেশ কিছু দিন।

শান্তিনিকেতনে কিছু কাল কাটিয়ে আজই সৌমেন্দ্রনাথের ফিরে যাওয়ার কথা। কবির শরীর নিয়ে কুশল জিজ্ঞাসার পরে সৌমেন্দ্রনাথ বলেন, “আচ্ছা রবি-দা, তোমার ‘যন্ত্র, নমো যন্ত্র’ গানটাতে তো তুমি যন্ত্রের জয়গান গেয়েছ। এইবার মানুষের জয়গান করে তুমি একটা গান লেখ তো।”

পসন্ন হাসি ছড়িয়ে পড়ে কবির মুখে। তিনি বোধহয় বলেন যে সারা জীবন ধরে মানুষের মানসলোকের কথাই তো তিনি লিখেছেন তাঁর কবিতায়, গানে। নতুন করে মানুষের জয়গান করা কি একটু বাহুল্য হয়ে যাবে না? মানতে নারাজ সৌমেন্দ্রনাথ জোর দিয়ে বলেন, মানব থেকে মহামানবের উত্তরণের কথা আর একবার সোচ্চারে কবিকে বলতে হবে তাঁর গানে। সৌম্যের হাত নিজের দুই হাতের মধ্যে নিয়ে চোখ বন্ধ করেন রবীন্দ্রনাথ।

দিন কয়েক পরের কথা। সেদিন সন্ধ্যায় শান্তিদেব ঘোষ এসেছেন গুরুদেবের সাথে দেখা করতে। প্রথমে কিছু কথাবার্তা

ও তারপরে কবিকে খান কয়েক গান শুনিতে শান্তিদেব অনুরোধ করেন, সামনেই পয়লা বৈশাখ, সেদিন সকালে বৈতালিকের বর্ষবরণ অনুষ্ঠানের জন্যে একটা গান লিখে দিতে। শারীরিক কারণেই প্রথমে রাজি হচ্ছিলেন না গুরুদেব, কিন্তু শান্তিদেব নাছোড়া। এই অনুরোধের পালা যখন চলছে, তখন ঘরে ঢোকেন অমিয় চক্রবর্তী। সামনের সেই বর্ষবরণ অনুষ্ঠানে পাঠ করার জন্যে কবি কিছুদিন আগেই লিখেছেন ‘সভ্যতার সঙ্কট’ নামে একটি মনোগ্রাহী প্রবন্ধ। অনুষ্ঠানের দিন নিজে উপস্থিত থেকে সেই প্রবন্ধটি যদি পাঠ করতে না পারেন, তাহলে অমিয়ই সেটা পাঠ করবে, এমনটাই গুরুদেবের বাসনা। প্রবন্ধটার ভাষ্যপাঠ আগে একবার শুনিতে রাখার জন্যে কবিই ডেকে পাঠিয়েছিলেন অমিয় চক্রবর্তীকে। বিছানায় উঠে বসলেন কবি, শান্ত শরীরে আর দুর্বল গলায় ‘সভ্যতার সঙ্কট’ পাঠ করেন গুরুদেব। পাঠ যখন শেষ হল, সেই লেখার গভীরতায় ও বিস্তারে শান্তিদেব ও অমিয় দুজনেই তখন মুগ্ধ।

ঘর থেকে বেরিয়ে আসার আগে শান্তিদেব আর একবার গুরুদেবকে অনুরোধ করেন, “এই প্রবন্ধে মানব সভ্যতার যে উত্তরণের কথা বলেছেন, সেই বাণী নিয়েই একটা নতুন গান লিখে দিন না? বর্ষবরণের দিন সকালে গাওয়া হবে সেই গান।” এত বড় একটা প্রবন্ধ পাঠ করে পরিশ্রান্ত কবি বোধহয় নিরুত্তরই থাকেন সেই অনুরোধে।

পরের দিন সকালে গুরুদেবের ঘরে ডাক পড়ে মৈত্রেয়ী দেবীর। নিজের হাতে লেখা গানের পাণ্ডুলিপিটি মৈত্রেয়ীর দিকে এগিয়ে দিয়ে কবি বলেন, “গতকাল রাতে লিখেছি এই কবিতাটা। নিজের খাতায় ভালো করে লিখে নে এটা। পয়লা বৈশাখের দিন সুর দিয়ে এই গানটাই গাওয়া হবে।”

কবির শীর্ণ হাতের কাঁপা কাঁপা অঙ্করে লেখা খসড়া দেখে দেখে মৈত্রেয়ী লিখে নেয় কবিতাটি—

ওই মহামানব আসে।

দিকে দিকে রোমাঞ্চ লাগে

মর্তধূলির ঘাসে ঘাসে।।

সুরলোকে বেজে ওঠে শঙ্খ,

নরলোকে বাজে জয়ডঙ্ক—

এল মহাজন্মের লগ্না।

আজি অমারাত্রির দুর্গতোরণ যত

ধূলিতলে হয়ে গেল ভগ্না।

উদয়শিখরে জাগে ‘মাভৈঃ মাভৈঃ’ রব

নবজীবনের আশ্বাসে।
‘জয় জয় জয় রে মানব-অভ্যুদয়’
মন্দির উঠিল মহাকাশে।।
সেদিন সন্ধ্যাবেলা গুরুদেবের কাছে সুরটা শিখে নিয়ে
শান্তিদেব ঘোষ স্বরলিপি রচনা করেন এই গানটার। দুদিন বাদে,

১৯৪১ সালের ১৪ই এপ্রিল, পয়লা বৈশাখের সকালে
শান্তিনিকেতনের বর্ষবরণ অনুষ্ঠানে গাওয়া হয় এই কালোস্তীর্ণ
গান। তথ্য অনুসারে, এটাই ছিল রবীন্দ্রনাথের রচনা করা শেষ
গান।

কে সেই জন

মিতালি সাহা

উদ্ভাস্তের মতন দাঁড়িয়ে একজন
কত দূর পথ, কত খানা খন্দ পাহাড় বিপর্যয় পেরিয়ে
এসেছে সে এখানে
কে জানে কিসের টানে?

জনবহুল রাজপথে বা ঘন সবুজ পার্কের নির্জনতায়
মাঝ রাত্রে স্তব্ধ শহরের জনাকীর্ণ ধূসর রাস্তায়
সে এখনো দাঁড়িয়ে, কে জানে কিসের অপেক্ষায়।

সেদিন ডাকলাম তাকে, সে ঘুরে তাকালো আনমনে।
তার গভীর দৃষ্টির মাঝে ছিল এক নিরুত্তাপ বিচ্ছিন্নতা
তাকিয়ে চমকে উঠলাম, একি, এ তো আমারি প্রতিবিম্ব।
নিজের সাথে দেখা হল, একেই কি বলে অন্তরদর্শন?

প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয় – কিছু প্রশ্ন

অলোকা চক্রবর্তী

আমাদের ছাত্রাবস্থায় প্রেসিডেন্সী কলেজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত ছিল। অনেক অধ্যাপক ও বুদ্ধিজীবীই প্রেসিডেন্সী একদিন এক স্বয়ংসম্পূর্ণ বিশ্ববিদ্যালয় হবে এই আশা পোষণ করতেন — তাঁদের মধ্যে অন্যতম ছিলেন অর্থনীতির ডঃ দীপক ব্যানার্জী ও আমাদের পরিসংখ্যান বিভাগীয় প্রধান ডঃ অতীন্দ্রমোহন গুণ। কোন কোন বিষয়ে, যেমন পদার্থবিদ্যায়, প্রেসিডেন্সীতেই ছিল বিশেষ ধরনের যত্নপাতি ও ল্যাবরেটরী। যার ফলে স্নাতকোত্তর ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয় থেকে এসে ক্লাস করতে হত। প্রেসিডেন্সীর সুনাম ও উৎকর্ষ হিন্দু কলেজ আমল থেকে। প্রাক্তনীরাও অনেকে আন্তর্জাতিক স্তরে নজর কাড়ার মতন। তাই প্রেসিডেন্সীর বিশ্ববিদ্যালয় হবার যোগ্য পরিকাঠামো ও অধ্যাপকমন্ডলী আছে, এটা প্রায় সবারই ধারণা ছিল।

সেই আশা সফল হল ২০১০ সালে — ১৯৩ বছর বাদে প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয় এক স্বনির্ভর সভা পেলে। ইউজিসি-র নির্ণয়ে ‘জাতীয় স্তরে প্রথম সারির এক বিশ্ববিদ্যালয়’ বলে গণ্য হল। এন-আর-আই-এফ দিল ‘প্রথম ৫০-এর মধ্যে এক’ আখ্যা। প্রাক্তনীদের এক রত্নরাজি তার উপদেষ্টামন্ডলী হিসাবে যোগ দিলেন। প্রথম উপাচার্য হলেন দর্শনের বিশিষ্ট অধ্যাপিকা অমিতা চ্যাটার্জী। জন্মলগ্নে সার্বিক অর্থে এক শুভ সূচনা হল।

কিন্তু সেই স্থান কি প্রেসিডেন্সী আজ ধরে রাখতে পেরেছে?

- স্থাপনার কিছু বছর বাদেই, ২০১৭ ও ২০১৮ সালে, এন-আর-আই-এফ প্রেসিডেন্সীকে বিশ্ববিদ্যালয় বলে আর গণ্য করে নি - কারণ প্রেসিডেন্সীতে শুধু মাত্র কলা ও বিজ্ঞান পড়ানো হয়। কৃষি, এঞ্জিনিয়ারিং ও বাণিজ্য বিভাগ এখানে নেই।
- অধ্যাপকেরা আজ মধ্য মেধার প্রদর্শনী। এক কালে এঁদের নির্বাচন হত শুধুমাত্র সেরা ছাত্রছাত্রীদের মধ্যে থেকেই। আজ ‘নেট’ পরীক্ষার ফলাফল ও স্নাতকোত্তর স্তরে ৫৫% নম্বরই যথেষ্ট। বলছি না শুধুমাত্র নম্বরেই একজন সফল ভবিষ্যত শিক্ষককে চেনা যায়। কিন্তু এর ফলে অনেকেই পড়াতে আসছেন যাদের এই বিশ্ববিদ্যালয়ের মান সম্বন্ধে সম্যক ধারণা নেই।

- আমি বেশ কয়েক বছর ধরেই পরিসংখ্যান বিভাগে নিমন্ত্রিত বক্তা ও অন্যান্য সূত্রে জড়িত। শিক্ষকদের মান কিন্তু আমায় যথেষ্ট ভাবায়। ওনাদের সঙ্গে আলোচনায় সেই বিভা আমি খুঁজি, যা পেতাম আমাদের অধ্যাপকদের সঙ্গে প্রতিদিনের আটপৌরে আলোচনায়।
- আমাদের আলোচনায় যে বিষয়টি বারবার উঠে আসে তা হল অধ্যাপনার সাথে সাথে গবেষণা করার সময়াভাব। একজন শিক্ষককে যদি প্রতিটি সেমিস্টারে চারটি ক্লাস নিতে হয় ও তার খাতা দেখতে হয়, তা হলে গবেষণার সময় কোথায়? অথচ, প্রেসিডেন্সী আজ আর শুধু শিক্ষাপ্রতিষ্ঠান নয়, বিশ্ববিদ্যালয় হিসাবে তাঁরা চান গবেষণা ও আন্তর্জাতিক স্তরে প্রকাশনা। পদোন্নতির মাপকাঠিও তাই। কিন্তু অভাব অভিজ্ঞ পথ-দিশারীর, যাঁর হাত ধরে একজন নবীন গবেষক আন্তর্জাতিক স্তরে প্রকাশনার হাতেখড়ি করতে পারেন — একজন অভিজ্ঞ শিক্ষক হয়ে উঠতে পারেন অভিজ্ঞ গবেষকও।
- পরিসংখ্যান আজও অনেকের কাছে তত্ত্বীয় বিষয়, অক্ষশাস্ত্রেরই এক শাখা। তাই অনেক সময় পড়ানোও হয় সেই ভাবে, তা শুধুমাত্র তাত্ত্বিক আলোচনায় সীমাবদ্ধ থাকে। ফলে ছাত্ররা ফলিত পরিসংখ্যানে সব ক্ষেত্রে যথেষ্ট পুষ্টি হচ্ছে না, ব্যবহারিক কার্যকারিতা সম্বন্ধে অজ্ঞতা ভবিষ্যতে সমস্যা হয়ে দেখা দিচ্ছে। প্রেসিডেন্সী যখন শুধুমাত্র স্নাতকস্তরের প্রস্তুতির দায়িত্বে ছিল, তখন এক কথা। আজ ছাত্রছাত্রীরা স্নাতকোত্তর স্তরে যদি সেই শিক্ষা না পায়, সেটা কিন্তু বিশেষ ভাববার বিষয়।
- কোন ছাত্র বা ছাত্রী যদি শিক্ষকতা ছাড়া অন্য ফলিত জীবিকায় যেতে চায়, তাহলে ছাত্রাবস্থায় বিভিন্ন প্রতিষ্ঠানে হাতে-কলমে কাজ শেখার সুযোগ পেলে, তাদের কর্মজীবনের প্রস্তুতি সার্বিকভাবে হয়। এই সমস্যা শুধুমাত্র প্রেসিডেন্সীর নয়, দেশের অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানেরও।
- স্নাতকোত্তর স্তরে আজ অনেক মেধাবী ছাত্রছাত্রী প্রেসিডেন্সীতে পড়তে চায় না, যেহেতু এই স্তরে


প্রেসিডেন্সীর পরিচিতি মাত্র কয়েক বছরের এবং তা প্রামাণ্য নয়। অথচ, আন্তর্জাতিক স্তরে সেই পরিচিতি গড়ে উঠতে পারে একমাত্র মেধাবী ছাত্রছাত্রীদের মান দিয়েই।

- ছাত্র-শিক্ষকের আলোচনা শুধুমাত্র ক্লাসে নয়, ক্লাসের বাইরেও আমরা শুনতাম কোথায় কোন ধরনের কাজ হচ্ছে অথবা জানতে পারতাম বিদেশে পড়তে যাবার নানা সুলুক-সন্ধান। আজকের অনেক অধ্যাপকই এই ব্যাপারে ওয়াকিবহাল নন। তাঁরা ছাত্রছাত্রীদের প্রশ্নের জবাব দিতে সক্ষম হচ্ছেন না।
- পরিসংখ্যান বিভাগে অনেক সেমিনার হয়। কিন্তু ছাত্রছাত্রীদের অভিযোগ, বিষয় নির্বাচন সবক্ষেত্রে তাদের কথা মনে রেখে নয়। যদি সেমিনারের বিষয় বস্তু আদৌ বোধগম্য না হয়, তাহলে পরবর্তী কোন সেমিনারে যাবার উৎসাহ থাকবে কি?

আমার এই আলোচনা কোন বিতর্কের সূচনা করার জন্য নয়। আমি একটি বিভাগের কথাই জানি, তাই তার বাইরে কিছু বলতে যাওয়া বাতুলতা। তবে প্রাক্তনী হিসাবে আমাদের সকলেরই কিছুটা দায়বদ্ধতা আছে। তা শুধুমাত্র আর্থিক সাহায্যের মধ্যে সীমাবদ্ধ নয়, শিক্ষাক্রম পরিমার্জন ও আধুনীকিকরণ, ছাত্রছাত্রী ও অধ্যাপক দুই তরফের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা ও তাঁদের প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করা, এই সবও আমাদের দায়িত্ব। আমরা এক নতুন উদ্যমে তা পালন করার চেষ্টা কি করতে পারি না?

উল্লেখ :

1. Presidency website <https://www.presiuniv.ac.in/web/jobfaculty201607.php>
2. Presidency University - Wikipedia - https://en.wikipedia.org/wiki/Presidency_University,_Kolkata
3. Basu, Somdatta (December 17, 2016). [m.timesofindia.com/city/kolkata/presidency-university-gets-top-naacrating/amp_articlesHOW/56035180.cms "Presidency University gets top NAAC rating"] The Times of India.
4. "200 Years of a Legacy". Tribune India. Retrieved 28 June 2018.
5. 'Presidency University missed rank as it offers only arts, science' - Times of India". The Times of India. Retrieved 2018-06-26.
6. India, Press Trust of (2017-12-24). "Presidency Mentor Group to reach out to brilliant students in". Business Standard India. Retrieved 2018-06-28.



না বলা বাণী

নমিতা কুড়ু

না রাখা কথার বাঁধনে মোরে
আর তুমি বেঁধোনা ।
হারিয়ে গেছে যে রাগিনী,
তারে আর সেধোনা ॥

না বলা বাণীর বেদনা লয়ে
কেটেছে যে কতকাল ।
কত যে সন্ধ্যা গিয়েছে চলে,
এসেছে কত সকাল ।
না শোনা কথা বলতে মোরে
আর তুমি বোল না ॥

আসবে বলে পথ চেয়ে মোর
যায় চলে কতদিন,
গেল যে বর্ষা, এল বসন্ত,
আশা মোর হয় ক্ষীণ ।
পারনি যারে কাছে টেনে নিতে,
তারে আর চেয়ো না ॥

স্মৃতি

সব্যসাচী গুপ্ত

এখন যখনই করি স্মৃতি রোমন্থন
পুরানো দিনে চলে যায় মন।
কখনও পাই সুখ
কখনও পাই দুঃখ।
স্মৃতিগুলো কখনও আমাদের হাসায়
কখনও বা কাঁদায়
কখনও বা ভাবায়।

সুখস্মৃতি আমরা চাই ধরে রাখতে
আর বেদনার স্মৃতি চাই শীঘ্র ভুলে যেতে।
বাল্যকালে কিছু দিনগুলো ছিল কেবল আনন্দের।
তখন স্মৃতি বলে কিছু ছিল না সুখের বা দুঃখের।

আমরা কি ফিরে যেতে পারি না ঐ দিনগুলোতে শৈশবের?

ভুলের উপর ভুল

নমিতা কুড়ু

আমি ভুলের উপর ভুল করি মা কেন?
এ ভুলের বোঝা বইতে নারি জেনো ॥

আমি করতে চাই সঠিক সবই
কেন ভুল হয়ে যায়, তাই তো ভাবি ।
এ ভুলের সাজা পেতে আমায়,
ফিরে আসতে আবার না হয় যেন ॥

মাগো যদি ভাব আপন বলে
এ ভুলের বোঝা নাই বাড়ালে ।
নাই বা দিলে শাস্তি মোরে
দিও না ভুল করতে হেন ॥

Photo: Abhijit Kar Gupta



Caption: A water lily and her peaceful mates



Caption: Spread your soul over a paddy field

Pearl S. Buck: West Virginia's Famous Daughter

Sumitra Mitra Reddy



A human bridge between the civilization of the East and the West: President Richard Nixon (1973)

Nobel Laureate Pearl Sydenstricker Buck (1892-1973) met the Bollywood superstar Dev Anand in Bombay and also in the US. She co-wrote the screenplay with Ted Danielewski (1965) for the English version of the film *The Guide*. She also taught English diction to *The Guide*'s heroin Waheeda Rehman. Pearl S. Buck who always preferred Chinese food wrote an Oriental cookbook (1970 with L.K. Engel) filled with 450 + recipes from China, Korea, Japan, Thailand, Burma and other countries of the Orient, and yes, also from India (includes the recipe of Bengali Loochi) – the country she visited several times. She wrote five novels (1945 – 1953) under the pseudonym of John Sedges. Her childhood physician in China was an Indian from whom she learned a lot about India while growing up. She is known as Sai Zhenzhu (賽珍珠, literal meaning Precious Pearl) in Chinese. She was born in West Virginia, lived mostly in China for the first 42 years of her life, moved to

the US in 1934, lived in Pennsylvania, died in Vermont and buried in Pennsylvania. An unpolished manuscript of her last novel *The Eternal Wonder* was discovered in Texas after 40 years of her death in 2013 and was published in the same year. Her first language was Chinese. She translated a Chinese classic *Shui Hu Zhuan* (水浒传: Water Margin) with the English title "All Men are Brothers" (the title based on a saying by Confucius: "Among the four seas, all men are brothers"). She herself designed her tombstone that bears her name – only in Chinese.

Background and Inspiration for this article

I attended the second Pearl S. Buck Living Gateway conference in September, 2018 held at West Virginia Wesleyan College in Buckhannon, WV. The conference participants also visited a small archive at Davis and Elkins College

containing her books translated in different languages. There was a Bengali translation (“*Dui Diganta*”) of her first novel *East Wind: West Wind*. A Bible in vernacular Chinese translated by her father Absalom Sydenstricker from Greek was also on display. The lunch items were prepared by the chef using only the recipes from Pearl S. Buck’s *Oriental Cookbook*. The luncheon speaker Prof. Yingjiang Guo from China told the audience that his professor discouraged him to read Pearl Buck since she was both anti-communist and anti-Chinese – a popular belief in China during the Cultural Revolution. But he decided against it and became a scholar on Pearl S. Buck. After lunch we went to Hillsboro to visit the birthplace of Pearl S. Buck. The Stulting House (belonging to her mother’s family) where she was born is now a museum filled with musical instruments, books, photographs, her outfits, toys, her personal copy of Charles Dickens, and furnishings, among other things.

বেশীরভাগ রাতে ইলেক্ট্রিসিটি থাকত না। লঠনের আলোয় কিছুক্ষণ পড়তাম, আর খুব ঘুম পেত। পড়ার বইয়ের চাইতে, যে পোকাগুলো লঠনের আলোর চারপাশে অদ্ভুত ছায়া তৈরী করে উড়ে বেড়াত, তাদের দিকে বেশী মনোযোগ দিতাম। মা সন্ধ্যাবেলা মুড়ি-চানাচুর মেখে দিলে, তখন লঠনটা মুড়ির গামলার দিকে এগিয়ে দিতে হত। তাই বই মুড়ে রাখতাম। আলো নেই, পড়ব কি করে? সবাই লঠনের চারপাশে জড় হতাম। কখনও বাবা তার রাজনীতি করার সময়কার কোনো অভিজ্ঞতা, কিম্বা কিভাবে বাবা আর তার এক বন্ধু বাংলাদেশ ঘুরতে চলে গিয়েছিল তাদের আগের প্রজন্মের দেশ ছেড়ে আসা ভিটে বাড়ির সন্ধান, সেই অভিজ্ঞতার কথা বলত। মা মাঝে মাঝে মায়ের দাদুর মুখে শোনা বনগাঁও-এর পুরনো দিনের গল্প বলত। আরো অনেক গল্প ছিল। অনেক সময় বাবা ভুল করে কাঁচা লক্ষা খেতে খেতে মুড়ির গামলাতে ফেলে দিত। কোন একটা গ্রাসে সেটা আমার বা বনুর মুখে পড়লে তাতে কামড় দিয়ে চোখের জলে একাকার হতে হত। মা তখন বাবাকে দোষ দিত।

রাতে যদি খিচুড়ি হত, তাহলে আর কথা নেই। বাবা খিচুড়ি খুব ভালবাসত, এখনো বাসে। বনুটা খাওয়ার আগেই ঘুমিয়ে পড়ত অনেক সময়। খাওয়ার পরে যখন মা আর বাবা বিছানা করত, মশারি টাঙাত, আমি তখন লঠনের আলোয় কাগজের নৌকা বানানো প্র্যাকটিস করতাম। রাতে টালির চালে বৃষ্টির শব্দ শুনতে শুনতে ঘুমিয়ে পড়তাম। বাজ পড়ার শব্দে

বনু খুব ভয় পেত। ওই শব্দে ও ঘুম থেকে উঠে পড়লে তখন একটা কান্ড হত।

বৃষ্টি থামার পরের দিন একটা বড় পিপড়েকে ধরে আগেরদিন রাতের তৈরী নৌকায় বসিয়ে নালায় ছেড়ে দিতাম। বসে বসে দেখতাম আমার তৈরী নৌকার যাত্রী সেই পিপড়েটা কতদূর ঠিকঠাক যায়। নালাটার ছুটে চলা ব্যস্ত জল আমার দুর্বল নৌকাটাকে নিয়ে খেলা করত। পিপড়েটার কি হত, তা নিয়ে একটু চিন্তা হত। কিন্তু একটু পরেই সব ভুলে যেতাম। নালাটার উপর একটা ছোট পাটাতন পাতা ছিল। এক গ্রামের লোক অন্য গ্রামে যেত, সেই পাটাতন দিয়ে নালা পার হয়ে। আমার একটা খুব মজার খেলা ছিল সেই পাটাতনের এপাশ থেকে অনেকগুলো পাতা ভাসিয়ে দিয়ে ওপারে গিয়ে অপেক্ষা করা, কখন কোনটা বেরিয়ে আসে। পাটাতনের নীচে বেশ কিছু

ছোট গাছ বা আগাছা জন্মে ছিল। অনেক সময় কিছু পাতা সেই আগাছাতে আটকে যেত, আর বেরিয়ে আসতে পারত না।

আজ প্রায় সাড়ে ছয় বছর হয়ে গেল দেশ ছেড়ে এসেছি এই সুদূর বিদেশে পড়াশোনা করতে। সেই বৃষ্টির দিনগুলো দেখিনি আজ প্রায় সাড়ে ছয় বছরেরও বেশী। মাঝে মাঝে নিজেকে পাটাতনের নীচে হারিয়ে যাওয়া সেই পাতাগুলোর মত ভেবে ভয় হয়। মনে হয়, পাটাতনের নীচে ঢোকার আগে সেই যে আলো-আকাশ দেখে এসেছি, বেরিয়ে এসে আলো-আকাশ দেখতে পাব কি? মনে হয় অন্ধকার সেই পাটাতনের তলায় পথ হারিয়েছি আমি, আর অজানা আগাছারা এগিয়ে এসে আমাকে ক্রমশই আরো জড়িয়ে ফেলছে।

মনীষীদের রসিকতা

বাংলা হাইস্কুলের ক্লাস নিচ্ছেন হেডমাষ্টার শিবনাথ শাস্ত্রী। গ্রামের কোন একটি বর্দ্ধিষ্ণু পরিবার তাঁর কাছে ভেট পাঠিয়েছে এক বিশাল জালা ভর্তি রসোগোলা। তাঁর নির্দেশ ছিল এই সব জিনিস তাঁর বাড়িতে না নিয়ে গিয়ে যেন স্কুলে আনা হয়, তিনি ছাত্র ও অন্যান্য শিক্ষকদের সঙ্গে ভাগ করে খেতেন। যে লোকটি রসোগোলা নিয়ে এসেছিল সে একেবারে ক্লাসের মধ্যেই জালাটি এনে বসিয়ে দিল। শিবনাথ শাস্ত্রী ছাত্রদের জিজ্ঞাসা করলেন, “তোমাদের মধ্যে কেউ এই সবগুলো রসোগোলা একা খেতে পারবে?”

কোন উত্তর নেই। কেউ কখনও পারে?

হয়ত মজা করার জন্য শাস্ত্রীমশাই দ্বিতীয়বার জিজ্ঞাসা করলেন, “কেউ পারবে না?”

হঠাৎ পিছনের দিক থেকে একটি হাত উঠল। শিবনাথ শাস্ত্রী অবাক হয়ে জিজ্ঞাসা করলেন, “তুমি পারবে?”

ছেলেটি একটু ঘাড় নাড়িয়ে জানাল, সে পারবে। আর কোন কথা না বলে তিনি পড়িয়ে গেলেন এবং ক্লাসের শেষে জালাটি ক্লাসেই রেখে গেলেন। ক্লাস শেষ হতেই অন্য ছেলেরা সেই ছেলেটিকে ঘিরে ধরল, “তুই একলা এত রসোগোলা খেতে পারবি?”

ছেলেটি অস্ফালনবদনে উত্তর দিল, “সবগুলো যে একই দিনে খেতে হবে, তা তো উনি বলেন নি।”

এই ছেলেটির নাম সুকুমার রায়।

ইংরেজ আমলে ডেপুটি ম্যাজিস্ট্রেটের চাকরি পেতে গেলে বাংলা জ্ঞানের পরীক্ষা দিতে হত। বঙ্কিমচন্দ্রকেও হয়েছিল। পরীক্ষার দুটো ভাগ ছিল, লিখিত ও মৌখিক। বঙ্কিমচন্দ্র মৌখিক পরীক্ষা দিতে বসেছেন, পরীক্ষক একজন সাহেব।

সাহেব প্রশ্ন করলেন, “বাবু বলিতে পার, আপড ও বিপডের মধ্যে পার্থক্য কি আছে?”

বঙ্কিমচন্দ্র বললেন, উদাহরণ দিলে বোঝাতে তাঁর সুবিধে হবে। সাহেবের তাতে আপত্তি নেই।

বঙ্কিমচন্দ্র বললেন, “কিছুদিন আগে আমি স্টিমারে পদ্মা পেরোচ্ছিলাম। মাঝ নদীতে ঝড় উঠল। সেটা ছিল বিপদ। আর বাঙালীর ছেলে হয়ে আজকে যে আমাকে তোমার কাছে বাংলার পরীক্ষা দিতে হচ্ছে, সেটা হল আপদ।

অতৃপ্তি

সব্যসাচী গুপ্ত

ভাবলাম ডুয়ার্সের ছবির মত চা বাগান দেখতে যাব,
হিমালয়েরও দর্শন পাব,
অনেক প্রস্তুতি চলল,
উত্তরবঙ্গ বন্যায় প্লাবিত হল
বন্যার্তদের ভীত সঙ্কস্ত মুখগুলি ভেসে উঠল।

তিনতলার বারান্দায় বসে চা খাচ্ছিলাম,
এক অল্পবয়সের সুন্দরী মেয়েকে রাস্তায় হাঁটতে দেখলাম,
ব্লাইন্ড ডেটের মত যদি আলাপ করা যেত, ভাবলাম,
কি তার পরিচয়, কোথায় সে যাচ্ছে, কিছুই জানি না,
সিঁড়ি দিয়ে নামতে নমাতেই তাকে আর দেখতে পেলাম না।

টাটার চাকরি করার ইচ্ছে ছিল মনে,
টাটানগরে টেলকোতে ইন্টাভিউ দিয়ে ফিরছি এক ট্রেনে,
সারাটা পথ ট্রেন ও চাকার শব্দ শুনতে হল,
টাটানগর ফসকে গেল,
টাটানগর ফসকে গেল,
শুধু ওদের ধুলো-কাদা মাখা গাড়ীগুলো রাস্তায় চোখে পড়ল।

মনীষীদের রসিকতা

রবীন্দ্রনাথের জন্মদিনে শান্তিনিকেতনে একটি মেয়ে এসে প্রণাম করে বলল, “গুরুদেব, আপনার জন্মদিনে, আমি আপনাকে একটা উপহার দিতে চাই।”

রবীন্দ্রনাথ উত্তর দিলেন, “দে, কি দিবি, দো।”

মেয়েটি বলল, “আজকে আপনার দেওয়া সুরে আপনারই লেখা একটা গান আমি আপনাকে গেয়ে শোনাতে চাই।”

রবীন্দ্রনাথ রাজি হলেন। মেয়েটি সেখানে বসেই তাঁকে গান শোনালা। গান শেষ হলে রবীন্দ্রনাথ বললেন, “আজ জন্মদিনে তুই আমাকে এত বড় একটা দাগা দিলি। তুই বললি কেন, আমার লেখা গান আমার সুরে গেয়ে শোনাবি। তুই বললি না কেন, আমার লেখা গান তুই নিজের সুরে গাইবি।”

একদিন এক মাতাল এসে বিদ্যাসাগরের কাছে সাহায্য প্রার্থনা করল। সবাই জানে তিনি দয়ারসাগর, সকলকেই সাহায্য করেন। কিন্তু বিদ্যাসাগর সাফ জানিয়ে দিলেন, কোন মাতালকে তিনি সাহায্য করেন না। মাতালটি বলল, “আপনি যে মধুসূদনকে সাহায্য করেন, সে তো মদ খায়।” বিদ্যাসাগর উত্তর দিলেন, “তুমি তার মত একখানা ‘মেঘনাদ বধ’ কাব্য এনে দেখাও, আমি তোমাকেও সাহায্য করব।”

বিজ্ঞানের সামাজিক প্রয়োগ : নতুন ওষুধ আবিষ্কারে এবং পরিবেশ দূষণ বাঁচাতে গাণিতিক রসায়ন*

সুভাষ চন্দ্র বসাক

Mathematics is the language in which God has written the universe—Galileo Galilei

আমি যখন ইটাচুনা শ্রীনারায়ণ ইন্সটিটিউশনের ছাত্র ছিলাম তখন বিভিন্ন শিক্ষকরা এক একটা বিষয় পড়াতেন। আমার কেমিস্ট্রি সব থেকে ভাল লাগত। ল্যাবরেটরিতে সব সময় কোন না কোন গন্ধ পেতাম। প্রতুলবাবু ফিজিক্স পড়াতেন। নানারকম এক্সপেরিমেন্ট দেখাতেন। অঙ্কের ক্লাসে থিওরেম না বুঝতে পারলে আকাশের দিকে তাকিয়ে থাকতাম। আর বায়োলজি ক্লাসে আরশোলা বা ব্যাং কাটা দেখলে সেখান থেকে দূরে থাকতাম।

তখন আমাদের চোখে কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক এবং বায়োলজি বিজ্ঞানের স্বতন্ত্র ধারা বলে মনে হত। কেমিস্ট্রি ও ফিজিক্সে কিছু অঙ্ক ব্যবহার করা হত। স্কুল থেকে পাশ করার পর কেমিস্ট্রি অনার্স পড়ে বায়োকেমিস্ট্রিতে পি.এইচ.ডি. করার পর এখন আমি গবেষণা করতে করতে গাণিতিক রসায়নে এসে পৌঁছছি। এখানে সব পথ এসে মিলে গেল বিজ্ঞানের বহু বিষয়ের এক মহাসমাবেশে। গাণিতিক রসায়নে অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি, স্ট্যাটিসটিক্স, ফার্মাকোলজি, বায়োকেমিস্ট্রি, জেনোমিক্স, প্রোটিনোমিক্স, ইত্যাদির ব্যবহার নিত্য প্রয়োজনীয়। এই গাণিতিক রসায়ন আবার সমাজের বহু সমস্যা মোকাবিলার কাজে লাগে যার মধ্যে অতি প্রয়োজনীয় দুটি হল, নতুন নতুন ওষুধ আবিষ্কার এবং পরিবেশ সংরক্ষণ।

১) গাণিতিক রসায়ন বিষয়টি কি?

The man bent over his guitar,
A shearsman of sorts. The day was green.
They said, “You have a blue guitar,
You do not play things as they are.”
The man replied, “Things as they are
Are changed upon the blue guitar.”
[From: The Man with the Blue Guitar, by Wallace
Stevens (1937)]

At quite uncertain times and places,
The atoms left their heavenly path,
And by fortuitous embraces,
Engendered that all being hath.

And though they seem to cling together,
And form ‘associations’ here,
Yet, soon or late, they burst their tether,
And through the depths of space career.

—James Clerk Maxwell

সাধারণত কেমিস্টরা ল্যাবরেটরিতে নানাপ্রকারের কেমিক্যাল নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করেন। জৈব রসায়নবিদ (organic chemist) জৈব রাসায়নিক (organic chemical) নিয়ে কাজ করেন। প্রাণ রসায়নবিদরা (biochemists) জীবন্ত বস্তুর ওপর কেমিক্যালের প্রভাব নিয়ে পরীক্ষা ও চিন্তা ভাবনা করেন। যে কোন কেমিক্যালের ভৌতিক (physical) বা রাসায়নিক (chemical) ধর্ম তার গঠনের (structure) ওপর নির্ভর করে। প্রাচীন গ্রীক মনীষী ডেমোক্রিটাস (৪৬০-৩৭০ BC) দু’হাজারেরও বেশী বছর আগে উপলব্ধি করেছিলেন : Ostensibly there is color, sweetness, bitterness, actually there is only atoms and the void.

বৈদিক যুগের মনীষীদেরও পরমাণুর ধারণা ছিল। বিশেষ করে সাংখ্য পতঞ্জলি দর্শনের বিশেষজ্ঞরা পরমাণুতত্ত্ব আলোচনা করেছেন। একটা অণুর ক্ষেত্রে আমরা দুভাবে তার ধর্ম জানতে পারি : ১) সরাসরি ল্যাবরেটরিতে পরীক্ষা করে, অথবা ২) অণুর মধ্যে যেসব পরমাণুরা রাসায়নিক বন্ধনে জুড়ে আছে, তাদের গঠন বা পারস্পরিক ইন্টার-অ্যাকশনকে গণিত, বিশেষতঃ ডিসক্রিট ম্যাথমেটিক্সের মাধ্যমে সংখ্যায় ব্যক্ত করে। যেহেতু বিভিন্ন কেমিস্টরা একই অণুকে নানাভাবে দেখেন, তাই গণিত বা কম্পিউটার দিয়ে আমরা একটা অণুর একটাই রূপ দেখি না, দেখি বিভিন্ন রূপ, ঠিক সেই পুরোনো ভারতীয় গল্পের ন’জন অন্ধ ব্যক্তির হাতি দেখার মত (Figure -1)।



Figure -1 : নয়জন ব্যক্তির হাতি দেখা

দ্বিতীয় চিত্রে (Figure-2) আমার মিনেসোটা ইউনিভার্সিটির গবেষক দল যে ধরনের আনুক্রমিক পদ্ধতি ব্যবহার করে তার একটি অতিসংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল।




Figure-2 : Hierarchical classification of quantitative molecular descriptors (রাসায়নিক অনুর বা পদার্থের পরিমাণগত বর্ণনাকারী সংখ্যার আনুক্রমিক শ্রেণীবিন্যাস)

এখানে স্থানাভাবে এই বিষয়টার বিস্তারিত আলোচনা করা গেল না। আগ্রহী পাঠকেরা reference 1 এবং 2 পড়ে দেখতে পারেন।

২) গাণিতিক রসায়ন এবং নতুন ওষুধ আবিষ্কার

In God we trust, all others must bring data.—W. Edwards Deming
Those alone are wise who act after investigation—Charaka
We haven't got the money, so we've got to think.—Ernest Rutherford

ধরুন, শ্যাওলা থেকে কোন কেমিস্ট একটি কেমিক্যাল খুঁজে পেলেন যা টেস্টটিউবে ক্যান্সার কোষের রাশছাড়া বিভাজন কমায়। তার মানে এই নয় যে আমরা ক্যান্সারের ওষুধ আবিষ্কার করে ফেললাম। এইরকম অণুর মধ্যে ক্যান্সারের ওষুধ হবার সম্ভাবনা লুকিয়ে আছে ঠিকই, কিন্তু কেমিস্টের ল্যাবরেটরির বেঞ্চ থেকে হাসপাতালের রুগীর কাজে লাগার মধ্যে ঐ অণুকে অনেক পরীক্ষা-নিরীক্ষার মধ্যে দিয়ে যেতে হয়। কোন একটা পরীক্ষাতে ফেল করলেই ফুটবল খেলার নক্ আউট রাউন্ডের মত সে আউট হয়ে যাবে। স্কুলে আমাদের ক্লাসের এক বন্ধু ইংরেজিতে কাঁচা ছিল। পরীক্ষায় কম নম্বর পেলে আমরা জিজ্ঞাসা করতাম, কিরে, কেমন নম্বর হল এবার? সে বলত, শিক্ষকরা আমার অন্তর্নিহিত লুক্কায়িত প্রতিভা ঠিকমত বুঝতে পারছেন না। প্রতিদিনই কেমিস্টরা নানান অণু খুঁজে পান, যাদের মধ্যে কিছু গুণ লুকিয়ে থাকতে দেখা যায়। কিন্তু তাদের বেশীর ভাগই শেষ পর্যন্ত ওষুধ হিসাবে

ব্যবহৃত হতে পারে না। তার প্রধান কারণ হল, এই সব অণুতে একটা জীবনরক্ষাকারী ওষুধ হবার সমস্ত গুণাবলী থাকে না। কেমিস্টরা ওষুধ হবার সম্ভাবনা আছে এমন অণুদের নিয়ে নানারকম পরিবর্তন ও পরিবর্ধন এবং ল্যাবরেটরিতে টেস্ট করতে থাকেন। এইরকম বহু পদার্থকে টেস্ট করার পর তাদের একটি শেষ পর্যন্ত প্রয়োজনীয় ওষুধ হিসেবে ব্যবহৃত হয়। আজকের দিনে একটা ওষুধ আবিষ্কার করতে যে দু' বিলিয়ন ডলার লাগে এটাই তার অন্যতম কারণ। একটা অণুর কোন একটা C-H বন্ডকে ধরা যাক। ঐ H-টাকে সরিয়ে তার যায়গায় chlorine (Cl), bromine (Br), CF₃, OCH₃ ইত্যাদি অন্য পরমাণু বা পরমাণুগোষ্ঠী (functional group) বসানো যেতে পারে। কেমিস্টের বুলিতে এরকম functional group-এর ছড়াছড়ি। ওষুধ হবার সম্ভাবনা আছে এমন অণুর পাঁচটা functional group-এ যদি একশটা functional group বসানো যায়, তাহলে সম্ভাব্য অণুর সংখ্যা হবে, ১০০ x ১০০ x ১০০ x ১০০ x ১০০ = ১০০০০০০০০০ বা এক হাজার কোটি। কেউ কেউ এই অবস্থাটাকে বলেন, মৃত্যুর উপত্যকা (valley of death)। আবার অন্যরা এই সমস্যাকে বলেন, methyl-ethyl-butyl-futile-এর গোলোক ধাঁধা, অর্থাৎ methyl (CH₃), ethyl (C₂H₅), butyl (C₄H₉) হাত ধরে futile বা অবাস্তব মরীচিকার দিকে এগিয়ে যাওয়ার গ্র্যান্ড ট্রাঙ্ক রোড। তাহলে এ সমস্যার সমাধান কি? গাণিতিক বা কম্পিউটার রসায়নকে এই ধরনের combinatorial explosion-এর মোকাবিলায় কাজে লাগান যেতে পারে।

কিন্তু প্রশ্ন হল, কি ভাবে?

ওপরের Deming সাহেব ও ভারতীয় মণীষী চরকের উদ্ধৃতি যা বলেছে তা হল, ওষুধের ভেতরে ল্যাবরেটরিতে টেস্ট করা তথ্য (data) প্রয়োজন। কিন্তু একহাজার কোটি রাসায়নিক পদার্থ বা অণু তৈরী করা এবং ল্যাবরেটরিতে টেস্ট করা বহু খরচ ও সময় সাপেক্ষ। কিন্তু গাণিতিক রসায়ন ব্যবহার করে আমরা বিজ্ঞানী Rutherford-এর পথে এই combinatorial explosion-এর সমাধান করতে পারি অনেক কম খরচে এবং অল্প সময়ে। যদি ল্যাবরেটরিতে পরীক্ষা করার পরিবর্তে ওই এক হাজার অণুর গঠন/কাঠামো (structure) থেকে নানা প্রকারের ধর্ম (property) ক্যালকুলেট করি এবং সেই property-গুলো থেকে অণুগুলির ঔষধি সম্ভাব্যতা (medicinal potential) মূল্যায়ন (assessment) করি, তাহলে অনেক কম সময়ে কম্পিউটারের সাহায্যে ওই অণুর ধর্ম (property) মূল্যায়ন করতে পারি। আমার মিনেসোটা ইউনিভার্সিটির গবেষক দল এবং আমাদের ইউরোপীয় সতীর্থরা সোরালেন (Psoralen) অণু থেকে তৈরী প্রায় ২৫০,০০০ অণু নিয়ে এইরকম

কম্পিউটার কেমিস্ট্রির গবেষণা করেছি (reference no. 1)। স্থানাভাবে এই কাজের বিশদ বিবরণ এখানে দেয়া গেল না।

নতুন গুণ আবিষ্কার করাটা অনেকটা পরমপিতা ব্রহ্মার নানা জায়গা থেকে তিল তিল নিয়ে তিলোত্তমা গড়ার মত ব্যাপার। কিন্তু সমস্যা হল আমাদের হাতে পরমপিতার মত অত অচেল সম্পদ নেই। তাই গাণিতিক রসায়ন এবং পরম কম্পিউটার (super computer) ব্যবহার করে কম সময়ে এবং অল্প খরচে আমাদের তিলোত্তমা গড়তে হবে।

(৩) গাণিতিক রসায়ন এবং মানুষ ও পরিবেশের স্বাস্থ্য সংরক্ষণ

Nature teaches more than she preaches. There are no sermons in stones. It is easier to get a spark out of a stone than a moral.—John Burroughs

The most important and urgent problems of the technology of today are no longer satisfactions of the primary needs or of archetypal wishes, but the reparation of evils and damages by the technology of yesterday.—Dennis Gabor

I know that cancer often kills,
But so do cars and sleeping pills;
And it can hurt one till one sweats,
So can bad teeth and unpaid debts
A spot of laughter, I am sure,
Often accelerates one's cure.
—J. B. S. Haldane

আজকের দিনে পৃথিবীর বহু দেশই পরিবেশ সম্পর্কে সচেতন হয়ে পড়েছে। আধুনিক মানুষের এবং আমাদের যান্ত্রিক সভ্যতার প্রয়োজনে বহু হাজার রাসায়নিক দ্রব্য আজকে তৈরী এবং ব্যবহার হচ্ছে। এইসব রাসায়নিক পদার্থের কিছু অংশ ব্যবহারের সময় পরিবেশে চলে যায়। পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশে আমাদের স্বাস্থ্য এবং স্বাভাবিক জীবনযাত্রার জন্য অবশ্য প্রয়োজনীয়। এদেশে United States Environment Protection Agency (USEPA) নামে একটা সংস্থা আছে, যারা এদেশের পরিবেশের কেমিক্যালগুলির পরিবেশ দূষিত করার ক্ষমতা নিয়ে গবেষণা করে। এদের সাম্প্রতিক তথ্য অনুযায়ী এখন এদেশে ৮৫,০০০-এর কিছু বেশী কেমিক্যাল নিয়মিতভাবে ব্যবহার হচ্ছে (reference no. 4)। কোন একটা কেমিক্যাল ক্যান্সার ঘটিয়ে ফেলবে কিনা সেটা পরীক্ষা করতে বহু লক্ষ ডলার লাগে। পরিবেশে ছড়িয়ে থাকা কেমিক্যালগুলো ক্যান্সার ছাড়া আরো অনেক রকমে স্বাস্থ্যহানি করতে পারে। ওই সব কেমিক্যালের এত ক্ষতিকর ধর্ম ল্যাবরেটরিতে পরীক্ষা করে সেই তথ্য (data) নিয়ে গাণিতিক রাসায়নিক মডেল (mathematical chemistry model) তৈরী করে সেই মডেল দিয়ে অন্য অপরিষ্কৃত

কেমিক্যালগুলোর মূল্যায়ন (evaluation) করা যেতে পারে। তারপর যে কেমিক্যালগুলো সবথেকে ক্ষতিকর বলে মডেল রায় দেবে তাদেরকে ল্যাবরেটরিতে টেস্ট করা হবে। আমার মিনেসোটা ইনিভার্সিটির গবেষক দল এইরকম কম্পিউটার কেমিস্ট্রির অনেক গবেষণার কাজ করেছে। নীচে দেওয়া reference no. 5 তার মাত্র একটা উদাহরণ।

৪) গাণিতিক রসায়নের গবেষণা ও পঠন পাঠন

Computers are incredibly fast, accurate, and stupid. Human beings are incredibly slow, inaccurate, and brilliant. Together, they are powerful beyond imagination.—Albert Einstein

গাণিতিক রসায়ন বিজ্ঞানের এক নতুন ও উদীয়মান শাখা। আগেই বলেছি, বহু বিষয়ের সংমিশ্রণে এই বহুমুখী (multidisciplinary) বিষয়টির সৃষ্টি। এই মুহূর্তে পৃথিবীর কোন ইউনিভার্সিটিতে গাণিতিক রসায়নের ডিপার্টমেন্ট নেই। যারা এ বিষয়ে গবেষণা করেন বা ছাত্রছাত্রীদের পড়ান তারা অন্য গবেষণায় গাণিতিক রসায়ন প্রয়োগ করেন। আমি মিনেসোটা ইউনিভার্সিটিতে অধ্যাপনাকালে যে প্রায় ৭৫ লক্ষ ডলার গবেষণা করার জন্য গ্র্যান্ট পেয়েছিলাম, তার সবকটিতেই গাণিতিক রসায়নের প্রয়োগ ছিল।


আন্তর্জাতিক গাণিতিক রসায়ন একাডেমী (International Academy of Mathematical Chemistry, www.iamc-online.org) প্রায় প্রতি বছর পৃথিবীর নানা অংশে গাণিতিক রসায়নের আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করে। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানীরা এই একাডেমীর সদস্য।

আমি ও আমার আন্তর্জাতিক বিজ্ঞানী সতীর্থরা ১৯৯৮ সালে এই কনফারেন্স সিরিজ আরম্ভ করি। আজ পর্যন্ত ভারতবর্ষে এবং মার্কিন যুক্তরাষ্ট্রে মোট এগারোটা আলোচনা চক্র ও দুটি আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। গাণিতিক রসায়নের ব্যাপারে তরুণদের উদ্বুদ্ধ করাটাই এই কনফারেন্স সিরিজের মুখ্য উদ্দেশ্য (www.researchgate.net/profile/Subhas_Basak)।

যেহেতু এটা একটা নতুন বিষয়, গাণিতিক রসায়নের ওপর খুব বেশী বই লেখা হয় নি। আমাদের Indo-US গাণিতিক রসায়ন কনফারেন্সের বক্তাদের বাছাই করা লেখাগুলো নিয়ে একটা বই সম্পাদনা করা হয়েছে। নীচে তার নাম এবং রেফারেন্স দেওয়া রইল :

Advances in Mathematical Chemistry and Applications, Volumes 1 and 2, Subhas C Basak, Guillermo Restrepo, and Jose Luis Vilaveces, Editors, Elseviers, 2015 (27 chapters, 690 pages)

আমার নিজস্ব গবেষণার বিষয়ে জানতে চাইলে নিম্নোক্ত সাইট দেখতে পারেন : www.researchgate.net/profile/Subhas_Basak



References:

1. Basak, S.C. (2013) Mathematical descriptors for the prediction of property, bioactivity, and toxicity of chemicals from their structures: A chemical-cum-biochemical approach. *Current Computer Aided Drug Design*, **9**, 449-462.
2. Basak, S.C. (2013) Philosophy of Mathematical Chemistry : A personal perspective. *HYLE-International Journal for the Philosophy of Chemistry*, **19**, 3-17.
3. Basak, S.C., Mills, D., Gute, B., Balaban, A.T., Basak, K., Grunwald, G.D. (2010) Use of mathematical structural invariants in analyzing combinatorial libraries: A case study with psoralen derivatives. *Current Computer Aided Drug Design*, **6**, 240-251.
4. United States Environmental Protection Agency's Toxic Substance Control Act (TSCA) Chemical Substance Inventory; <https://19january2017snapshot.epa.gov/tsca-inventory/about-tsca-chemical-substance-inventory.html>
5. Basak, S.C., Grunwald, G.D., Host, G.E., Niemi, G.J., Bradbury, S.P. (1998) A comparative study of molecular similarity, statistical and neural network for predicting toxic modes of action of chemicals. *Environmental Toxicology & Chemistry*, **17**, 1056-1064.

Dedication:

The author would like to dedicate this article to Shri Pratul C. Chaudhury, former Headmaster of Sri Narayan Institution, Itachuna, Hooghly, West Bengal, for exposing him to the wonders of science.

Acknowledgments:

The author would like to acknowledge his indebtedness to numerous scientists spread over four continents for their sustained collaboration during the past three decades in the formulation of novel applications of discrete mathematics to chemoinformatics, bioinformatics, vaccinomics, new drug discovery technology, and toxicoinformatics. The author would like to specially mention,

Virtual Team & International Collaborators:

- 1) Milan Randic, Des Moines, Iowa, USA
- 2) Alexandru Balaban, Galveston, Texas, USA
- 3) Nenad Trinajstic, Zagreb, Croatia
- 4) Marjan Vracko, Ljubljana, Slovenia
- 5) Marjana Novic, Ljubljana, Slovenia
- 6) Guillermo Restrepo, Pamplona, Colombia
- 7) Jose Luis Villaveces Cardoso, Bogota, Colombia
- 8) Lemont Kier, Richmond, Virginia, USA
- 9) Krishnan Balasubramanian, Tempe, Arizona, USA
- 10) Alan Katritzky, Gainesville, FL, USA
- 11) Subhabrata Majumdar, Gainesville, FL, USA
- 12) Frank Witzmann, Indianapolis, IN, USA
- 13) Mircea Diudea, Cluj, Romania
- 14) Ashesh Nandy, Kolkata, India.
- 15) Apurba K. Bhattacharjee, Washington, DC, USA
- 16) Humberto Gonzalez-Diaz, Spain
- 17) Gilman D. Veith, Duluth, MN, USA
- 18) Dilip K. Sinha, Kolkata, India
- 19) A. B. Roy, Kolkata, India.

*এই লেখাটি প্রবুদ্ধ ভারত সঙ্ঘের ত্রৈমাসিক মুখপত্র 'বিবেক ভারতী' পত্রিকায় প্রকাশিত হয়েছিল (৪২-তম বর্ষ, ২য় সংখ্যা)। সামান্য পরিবর্তিত আকারে লেখাটি এখানে আবার প্রকাশিত হল।- সম্পাদক

গবেষণা কেন? বায়োফিজিক্স কেন?

শান্তনু দাশগুপ্ত

সমস্ত কর্মজীবন গবেষণায় ও অধ্যাপনায় কাটিয়ে জীবনের শেষ প্রান্তে এসে এই প্রশ্ন যদি এখনও মনে জাগে তাহলে বুঝতে হবে মেরি ক্যুরি, ডিরাক, ফেইনম্যান, বেনজার, জাকব ইত্যাদি স্বনামধন্য, চিরস্মরণীয় বিজ্ঞানীদের মত রহস্যময় বিশ্বের কোন এক বিশেষ ধাঁধা আমার কৌতূহল জাগিয়ে ছেলেবেলা থেকে আমায় কস্তুরীমৃগসম তাড়িয়ে বেড়ায় নি। সত্যি কথা বলতে কি আমি যে ভাবে বড় হয়েছি তাতে বিজ্ঞান গবেষণা আমার কাছে সুদূর কল্পনার ধরা ছোঁয়ার বাইরে এক অজ্ঞাত জগত ছিল। গবেষণার জীবন ও পরিণতি সম্বন্ধে বাবা, মা কারোই খুব একটা সুস্পষ্ট ধারণা ছিল না। তাঁরা ছিলেন নিম্ন মধ্যবিত্ত কেরানি ও চাষি পরিবারের মানুষ; ভারত পাকিস্তান দেশভাগের পর উদ্ভাস্ত হয়ে আত্মীয় স্বজন থেকে বিচ্ছিন্ন অবস্থায় অজানা ভাষার অচেনা সমাজে (উত্তর ভারতে, হিন্দি ও গুজরাতি ভাষীদের মধ্যে) ছেলেমেয়েদের লেখাপড়া শিখিয়ে “মানুষ” করতে চাইছিলেন। অর্থাৎ স্কুল পেরিয়ে কলেজ থেকে একটা দুটো পাশ দিয়ে ভাল চাকরী জোগাড় করে স্বাবলম্বী হলেই তাঁরা স্বাস্থির নিঃশ্বাস নিতে পারবেন। তবে আমার মা’র গোপন অনুচ্চারিত উচ্চাশা সবসময়েই মধ্যবিত্ত বাড়ীর প্রত্যাশার সীমার বাইরে ঘুরত। তিনি ঠিক জানতেন না কি কিন্তু পরীক্ষা পাশ করে কেরানীর চাকরীই যে জীবনের লক্ষ্য হওয়া উচিত নয় সেটা সম্বন্ধে আভাসে, ইঙ্গিতে ও নানা বিখ্যাত মানুষের গল্পের মধ্য দিয়ে আমাদের সজাগ করতে চেষ্টা করতেন। পড়াশুনার সীমা যে বিএ/এমএ ডিগ্রিতেই শেষ নয় সেটাও শুনতাম কিন্তু তার ওপারে যে কি সে সম্বন্ধে কোন ধারণা ছিল না, এমনকি আমার মারও। আত্মীয় স্বজনদের মধ্যে ঘিরেন সেন ডক্টরেট (কি বিষয়ে সেটা স্পষ্ট জানা ছিল না), কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, খবরের কাগজে লেখেন, মন্ত্রীদের ও দেশে বিদেশে শ্রদ্ধার পাত্র ও সেজন্য স্বনামধন্য, প্রনম্য ব্যক্তি; আমাদের গর্বের কারণ। সে দুর্গম ও দুরূহ উপাধি পাবার পথ ছিল অজানা; বিজ্ঞানে তো বটেই। আমাদের বৈদ্য বংশে কবিরাজ (ডিগ্রি সহ অথবা ডিগ্রি ছাড়া) বহু, কিন্তু বিজ্ঞানী কেউ হয় নি। বিজ্ঞানীরা যে কি করে থাকেন সেটা রহস্যজনক, অনেকটা পুরোহিতেরা যেমন উপযুক্ত মন্ত্র পাঠ ও আচার অনুষ্ঠানের সাহায্যে দেবতাদের খুশি করেন; বিজ্ঞানীরাও বোধহয় তেমনি সাধনালব্ধ গুহাজ্ঞান ও নতুন যন্ত্র দিয়ে প্রকৃতির রহস্য ভেদ করে কখনো আশীর্বাদ কখনো

অভিশাপ নামিয়ে আনেন। জগদীশ বসু, প্রফুল্ল চন্দ্র রায়, এঁরা ছিলেন দৈব আশীর্বাদ লব্ধ স্মরণীয় ব্যক্তি, মালা চন্দনে পূজনীয়। আমার মা আমাদের অক্ষর পরিচয়ের ছড়া মুখস্থ করাতেন; “জ’এ জগদীশ বিজ্ঞানাগারে”; সেটা যে কিরকম জায়গা, কি করা হয় ইত্যাদি প্রশ্নের উত্তর ছিলঃ “পড়াশুনা কর ভাল করে, বুঝবে।” বাঙলা পাঠ্য বইয়ে জগদীশ বসুর লেখা “নদী, তুমি কোথা হইতে আসিয়াছ” পড়ে তাঁর কাব্যগুণে মুগ্ধ হলেও সেটা যে বিশ্বরহস্য নিয়ে মানব চেতনায় ঈশ্বর ভাবনা ও বৈজ্ঞানিক কৌতূহলের যুগ্ম প্রকাশ তা তখন মনে হয় নি। বাঙলা শিক্ষিকা সেটা উপলব্ধি করে থাকলেও ক্লাস সেভেনের শিশুদের কাছে তার ব্যাখ্যার প্রয়োজন বোধ করেন নি। মাধ্যমিক স্তরে যখন বিজ্ঞান বা মানবিক ধারা বাছাইয়ের সময় এল তখন ভাষা ও ইতিহাস প্রিয় বিষয় হওয়া সত্ত্বেও বিজ্ঞান নেওয়া হল কারণ ষাটের দশকে ভাল ছাত্রছাত্রী সবাই, বিশেষত ছেলেরা, বিজ্ঞান ধারা নিয়ে ইঞ্জিনিয়ার হবার স্বপ্ন দেখত; এখন যেমন সবাই কম্পিউটার সায়েন্স ও ম্যানেজমেন্ট পড়ে তিরিশ বছর বয়সে কোটিপতি হবার স্বপ্ন দেখে। সবে স্বাধীন ভারতবর্ষে তখন ইঞ্জিনিয়ারদের প্রয়োজন ভারতীয় অর্থনৈতিক ভবিষ্যতের ভিত্তি প্রতিষ্ঠায়। সরকারী বেসরকারী প্রতিষ্ঠান সদ্য পাশ ইঞ্জিনিয়ারদের লুফে নিচ্ছে, যখন বি এ/এম এ ডিগ্রি নিয়ে লোকেরা বেকার বসে আছে। প্রাক-মাধ্যমিক পরীক্ষায় ওপরের অর্ধেক ছেলেরা সবাই বিজ্ঞান পড়বার জন্য লাইন দিচ্ছে; যারা অঙ্কে ভাল করতে পারে নি বলে বিজ্ঞানে সুযোগ পায় নি, তারা স্কুল বদল করছে, এমন কি শহর ছেড়ে অন্য শহরে স্কুলে ঢুকছে। সুতরাং সাহিত্য বা ইতিহাসে প্রবণতা সত্ত্বেও সায়েন্সের অনুপযুক্ত এই দুর্নামের ভয়ে বিজ্ঞান না নিয়ে উপায় ছিল না। নিম্ন মধ্যবিত্ত সংসারে বাড়ীর বড়ছেলে হিসেবে পড়াশুনা করে যত তাড়াতাড়ি সম্ভব ভাল রোজগারে লেগে বাড়ীর আর্থিক ও সামাজিক অবস্থার উন্নতি করার দায়িত্বও মাথায় ছিল। ছেলে ইঞ্জিনিয়ার, ডাক্তার বা আইএএস অফিসার হবে এই ছিল মধ্যবিত্ত বাড়ীর আশা ও ভবিষ্যতের স্বপ্ন। আমার কাছে অবশ্য ফিজিক্স-কেমিস্ট্রি’র অচেনা মায়াময় নামগুলি যে চেনা জগতের অজানা রহস্যের চাবিকাঠি বয়ে বেড়ায় তার আকর্ষণও কিছুটা ছিল। কিন্তু তিন বছর মাধ্যমিক স্তরের বিজ্ঞান পড়বার সময়ে পরীক্ষায় ভাল করবার দুর্ভাবনা বিষয়গুলির মধ্যে হারিয়ে যাবার আনন্দ

উপভোগ করতে দেয় নি। তাতে আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা বা শিক্ষকদের ক্রটি ছিল কিনা সে আলোচনায় যাচ্ছি না। ভালো ছাত্র হিসেবে সুনাম থাকলেও সত্যি ভালো ছাত্রের মানসিকতা হয়ত আমার ছিল না। পরীক্ষায় ভাল করলে বাবা-মা'র তৃপ্তি ও আত্মীয় বন্ধুদের প্রশংসা পাঠ্য বিষয়গুলির গভীর উপলব্ধির চাইতে উপভোগ্য ছিল। সে সুনামের শিখর থেকে পতনের ভয় আমার ছাত্রজীবনের এক প্রধান চালনাশক্তি ছিল। ফলে পরীক্ষায় প্রশ্নের সঠিক উত্তর দেবার জন্য যতটুকু দরকার তার বেশী অন্তরঙ্গতা কোন বিষয়ের সঙ্গেই হয় নি বি এ অবধি। তবে পরীক্ষা পাসের জন্যেও মাঝে মাঝে যে হঠাৎ আলোর বলকানির মত অনন্তের সাক্ষাৎ পাই নি তা নয়। তবে তা দীর্ঘস্থায়ী করতে হলে যে মেধা ও একাগ্রতা দরকার সেটা সঞ্চয় করতে পারি নি। এ ভাবেই নিশি পাওয়া মানুষের এলোমেলো পথ চলার মধ্য দিয়ে একদিন আবিষ্কার করলাম যে বিশ্ববিদ্যালয়ের ছাত্রজগতের শেষ দরজায় এসে দাঁড়িয়েছি। বাঁধানো রাস্তার শেষ; জীবনের খোলা মাঠে দৃশ্য অদৃশ্য বহু পথের একটা বেছে নেবার সময় হয়েছে।

মাধ্যমিকের পরে ইঞ্জিনিয়ারিং বা ডাক্তারি পড়া দূরে থাক উচ্চশিক্ষার সম্ভাবনাও মরীচিকায় পর্যবসিত হতে চলেছিল এক আকস্মিক আর্থিক দুর্বিপাকে। বংশের সুনাম এবং ছেলের ভবিষ্যৎ উচ্চাশা বাঁচিয়ে রাখবার জন্য বাবা মা স্বচ্ছলতার চিন্তা জলাঞ্জলি দিয়ে আমায় কলেজে পড়বার সুযোগ করে দিলেন। দিল্লীর বাড়ী ছেড়ে এলাম কলকাতায় জ্যাঠামশাইয়ের আশ্রয়ে, ভদ্রলোকের বাড়ীর ছেলেদের মত বিএ পাশ ছাপ নিতে কলেজে ঢুকলাম ফিজিক্সে অনার্স নিয়ে, সঙ্গে কেমিস্ট্রি ও ম্যাথামেটিকস; মধ্য-মেধা ছাত্রের আত্মসম্মান বজায় রেখে সহজতম কলেজ-পাস উপাধি নিয়ে একটু ভাল মানের/মাইনের চাকরী পাবার আশায়। তিন, চার বছর নকশাল ছাত্র আন্দোলনে উত্তাল কলকাতা বিশ্ববিদ্যালয়ে পঁকাল মাছের মত সন্তর্পনে কাটিয়ে ও দু বছর প্রেসিডেন্সিতে পোস্ট গ্রাজুয়েট করে যখন শিক্ষকতার বা আইএএস/স্টেট বান্ধ'এর পরীক্ষার প্রস্তুতি করবার কথা, তখন আমি দারিদ্র্যের পেছুটান উপেক্ষা করে বিজ্ঞান গবেষণার বিলাসিতায় গা ভাসিয়েছি, তাও ফিজিক্স, কেমিস্ট্রি নয়, বায়োফিজিক্স, যে বিষয়ের অস্তিত্ব এমএসসি পড়বার আগে জানা ছিল না। জীবনের বড় দোরাস্তায় এক অচেনা পথ বেছে নেওয়া - এই প্রথম। বাকী জীবনে বহুবার ভেবেছি সহজ পথে স্থিতি-স্থাপকতা, নিশ্চিত চাকরি, বাড়ীর বড় ছেলের দায়িত্ব নিয়ে বাবুর টানাটানির সংসারে কঁাধ দেবার সম্ভাবনা ছেড়ে গবেষণার অনিশ্চিত শৌখিনতা বেছে নেওয়া চূড়ান্ত দায়িত্বহীনতার কাজ হয়েছিল। পরে বুঝেছি সেটাই আমার চরিত্রাতা ছাড়া ঘটনাচক্রও কিছুটা সাহায্য করেছিল; এমএসসিতে আশাতীত ভাবে ফাস্ট ক্লাস পেয়ে (আমার চাইতে অনেক ভাল ছাত্রছাত্রী

সেকেন্ড ক্লাস পেয়েছিল) আবার একটা জীবনের গতিপথ বেঁধে দেওয়া পরীক্ষায় বসবার চাইতে অদৃষ্টের আশীর্বাদ কৃতজ্ঞতার সঙ্গে মেনে নিয়ে পড়ে পাওয়া বিজ্ঞানী নামের প্রায় দৈব/দিব্য কবচকুণ্ডল নেওয়া অনেক সহজ মনে হয়েছিল। সারাজীবন যে সেই নামের দাম শোধ দিতে হবে সেটা তখন খেয়াল হয়নি। তা ছাড়া প্রিয়জনদের স্নেহ মিশ্রিত শ্রদ্ধা ও সমবয়সীদের ঈর্ষা মিশ্রিত প্রশংসা মিলিয়ে বৈজ্ঞানিক পদবীর সম্মান নিজের অর্জিত বলেই মনে হচ্ছিল; সেটা যে অশ্রু স্বেদ ও গভীর একগুঁয়ে চেষ্টায় অর্জন করতে হবে তা সাময়িক ভাবে ভুলে গিয়েছিল। বিজ্ঞানী জীবনের কোন রকম মানসিক প্রস্তুতি বা জ্ঞানের গভীরতা আমার ছিলনা - শুধু "আমার যে সব দিতে হবে" সেই বোধটা মনের পেছনে কাজ করছিল; সেটা যে যথেষ্ট নাও হতে পারে সে ভাবনা মনে আসে নি। গবেষকের জীবন যে চাকুরীজীবীর বিকল্প হিসেবে সহজতর নয় তা তখন বুঝতে পারিনি আর বৃত্তি হিসেবে বিজ্ঞান-গবেষণা বেছে নিলেই বৈজ্ঞানিক হওয়া যায় না, সে উপলব্ধি হতে খানিকটা সময় লেগেছিল।

তবে শুধুমাত্র যে পরীক্ষা এড়ানো ও দায়িত্বহীন ছাত্রজীবন দীর্ঘায়ত করবার চেষ্ঠা এই পথ বেছে নেবার মূলে ছিল তা পুরোপুরি হয়ত ঠিক নয়। স্কুল শেষে কলেজে ঢোকা থেকে বিশ্ববিদ্যালয়ে এমএসসি'র শেষ অবধি এই পাঁচ ছয় বছরে আমার ঈক্ষিত জীবনের ছবিতে বেশ কিছু অদল বদল হয়েছে। উচ্চাশাগুলি যে শুধু বেড়েছে তা নয় তারা দিক পরিবর্তন করেছে। পড়াশুনা ও পরীক্ষায় ভাল করা যে শুধুমাত্র চাকুরী জগতের প্রতিযোগিতায় জিতবার জন্য নয় সেই উপলব্ধির সঙ্গে সঙ্গে একটা অন্য আবছা রোম্যান্টিক ভাবনাও মাথার ভেতরে কাজ করছিল। বিএসসির পাঠ্য বই ও সর্বজ্ঞ অধ্যাপকদের ব্যাখ্যায় মনে হত সব কিছুই জানা আছে, শুধু মনোযোগ দিয়ে সে জ্ঞানটুকু তুলে নিয়ে পরীক্ষার খাতায় সঠিক উদ্গার করতে পারলেই উদ্দেশ্য সিদ্ধি; জানার সীমা যে ধরা ছোঁয়ার মধ্যে হতে পারে না সে কথা কখনো মনে আসে নি। এমএসসি পড়বার সময়ে কোন একটা জটিল পাঠ বিশদ বুঝবার চেষ্টায় হঠাৎই যেন পরীক্ষা পাসের দাবী ছাড়িয়ে এক অজানা অসীম দিগন্তের আভাস পাওয়া যেত যেখানে ঘটনাগুলির কোনরকম ব্যাখ্যাই নিশ্চিত নয় ও সেটা ভবিষ্যৎ পরীক্ষা-নিরীক্ষা বা উপযুক্ত প্রশ্ন উত্থাপনের অপেক্ষায় জানা অজানার মাঝে দুলছে। আমাদের মত মধ্য-মেধার ছাত্রও যে সেই অজানার খোঁজে যাত্রা করতে পারে বিষয়বস্তুর বা অধ্যাপনার গুণে সেটা মাঝে মধ্যে বুঝতে পেরে গবেষণার স্ট্রাটস্পফিয়ারে বিচরণের স্বপ্ন দেখবার সাহস নিজের মনের একান্তে পুষেছিল। বায়োফিসিক্স পড়বার সময়ে সেই জানা

অজানার সীমা আরও কাছে চলে এলো। সেখানে অধ্যাপকেরা সবাই গবেষণারত বৈজ্ঞানিক। পাঠ্য বইয়ের জায়গায় অনেক সময়েই অধুনা পত্রিকায় ছাপা গবেষণার রিপোর্ট পড়তে হত। তাতে গবেষণার জগত আর সেরকম সুদূর, অগম্য দেবভূমি বলে মনে হত না। আস্তে আস্তে বিজ্ঞান গবেষণার জগতের বিশাল, বিচিত্র সম্ভাবনার তুলনায় চাকুরীজীবন, এমনকি আই এ এস অফিসারের কর্মজীবনও সীমিত বলে মনে হতে আরম্ভ করল। তখনই ঠিক করে ফেলেছিলাম যে যদি উপযুক্ত মার্কস পাই তাহলে বেলগাছিয়া বায়োফিসিক্স ল্যাবে ডক্টরেট ফেলোশিপের জন্য চেষ্টা করব। বায়োফিসিক্স পেপারে হায়েস্ট মার্ক সহ ফার্স্ট ক্লাস পাবার পর শুধু বাকি রইল বাবার অনুমতি ও আশীর্বাদ। আইএএস না দেওয়াতে প্রচণ্ড হতাশা লুকিয়ে বাবা আমার উচ্চাশা উৎসাহের সঙ্গে মেনে নিলেন; এখান থেকেই বেলগাছিয়ার বায়োফিসিক্স ল্যাবরেটরিতে আমার গবেষক জীবনের সূত্রপাত। নিজেকে বিজ্ঞানী বা গবেষক বলে নিজের কাছেই স্বীকার করতে বহুদিন লেগেছে।

যদিও জীবন, প্রাণ ও প্রাণীর প্রায় বহু প্রক্রিয়াতেই পদার্থবিদ্যা বা রসায়নের ছাপ স্পষ্ট, তবু বায়োলজি ও ফিজিক্স এর মিলনে বায়োফিজিক্স এর সৃষ্টি খুব বেশিদিন নয়। এই সঙ্গমের প্রথম পুরোহিত আমার মতে বাঙালি বৈজ্ঞানিকশ্রেষ্ঠ আচার্য জগদীশ চন্দ্র বসু। উদ্ভিদ জগতের প্রাণ লক্ষণ ও আবেগ মাপবার জন্য পৃথিবীর প্রথম সারির পদার্থবিদ অভূতপূর্ব সৃষ্টি যন্ত্র তৈরি করে ভৌত/রাসায়নিক উদ্দীপকের প্রয়োগে উদ্ভিদের প্রতিক্রিয়া মেপে দেখালেন। সেদিনের পদার্থবিদ ও উদ্ভিদবিজ্ঞানী দুই মহলই এই পথপ্রদর্শক আবিষ্কারকে উপযুক্ত সম্মান দেয়নি কিন্তু কাজে কোন ফাঁক না পেয়ে বাতিলও করতে পারেনি। জীবন যে জড়জগতের বাইরে নয় এবং প্রাণের সাড়া যে যন্ত্রে ও সংখ্যায় মাপা যেতে পারে সেটা সাধারণ মানুষ তো বটেই, বিজ্ঞানীরাও স্বীকার করতেন না। প্রায় চল্লিশ বছর পরে এরউইন শ্রডিঙ্গার, যিনি কোয়ান্টাম মেকানিকসের বহু জন্মদাতাদের একজন, প্রাণ বা জীবজগৎ জড়বিজ্ঞানের নিয়মে চলে কিনা এই প্রশ্নের উত্তরে যখন অজ্ঞাত এক বিশালাকৃতি অর্ধ-কেলাসিত অণুকে বংশগতির ধারক ও বাহক হিসেবে প্রস্তাব করলেন শুদ্ধ পদার্থবিদ্যার যুক্তির ভিত্তিতে (What is Life?: Erwin Schrödinger) তখন প্রাণীবিজ্ঞানের প্রাণকেন্দ্রে জড়বিজ্ঞানের পদধ্বনি শুনতে পেয়ে আণবিক বিজ্ঞানীরা উৎসাহিত হয়ে উঠলেন। ইতিমধ্যে প্রাণীবিজ্ঞানে বহু প্রক্রিয়ার মূল ব্যাখ্যায় প্রোটিন ও নিউক্লিক অ্যাসিড জাতীয় বিশাল অণু প্রধান চালকশক্তি হিসেবে দেখা দিতে আরম্ভ করেছিল। তখন থেকে প্রাণ ও প্রাণীর রহস্য উদ্ঘাটনে পদার্থবিদ্যা বা জড়জগতের নিয়ম বা

যন্ত্র অপরিহার্য হয়ে উঠল এবং নতুন আবিষ্কারের এক দিগন্ত খুলে গেল। সমস্ত প্রাণীর জীবনের একক কোষ অল্প কিছু জৈব-রাসায়নিক অণুর সমাবেশমাত্র জানবার পর জৈবরাসায়ন (Biochemistry) এক বিষয় হিসেবে নিজের জায়গা করে নিয়েছিল। হিরোসিমা-নাগাসাকিতে এটম বোমার পর মানুষ ও সমস্ত প্রাণীর ওপর রঞ্জন রশ্মি ও অন্যান্য পারমাণবিক বিস্ফুরণের মারাত্মক ফল বিস্ফুরণ-জীববিদ্যার (Radiation Biology) জন্ম দিল যার মূল ভিত্তি কোয়ান্টাম ফিজিক্সে নিহিত। ইলেকট্রনকে চুম্বক শক্তির আতস কাঁচের মধ্য দিয়ে কেন্দ্রীভূত করে নতুন অণুবীক্ষণ যন্ত্র দৃষ্টিশক্তিকে লক্ষণগুণ বাড়িয়ে বীজাণু ও ভাইরাস এর অদৃশ্য জগত দৃশ্য করে তুলে প্রাণ প্রক্রিয়ার মূল, বৃদ্ধি ও প্রজনন নিয়ে রাসায়নিক এমনকি আণবিক স্তরের পরীক্ষা করবার সাহস ও সুযোগ দিল। ইলেকট্রন মাইক্রোস্কোপ জীবকোষ এর অভ্যন্তর খুলে ধরল ও জৈবরাসায়নিক অণুদের বিশালত্বের জন্য তাদের বৈশিষ্ট্য ও ব্যবহার বুঝতে পদার্থবিদ্যার নানা তত্ত্ব ও যন্ত্রের প্রয়োজন হল। রঞ্জন রশ্মির সাহায্যে ডিএনএ অণুর পারমাণবিক গঠন থেকে বংশধারার রক্ষক হিসেবে তার বিশ্বব্যাপী ভূমিকা প্রতিষ্ঠিত হবার পর থেকে জন্ম, বংশগতি এমনকি চেহারা ও চরিত্র সবই ঈশ্বরের হাত থেকে নেমে ডিএনএ অণুদের গঠন ও তাদের ক্রিয়া-প্রতিক্রিয়ায় ওপরে বর্তাল ও গবেষণাগারের বিজ্ঞানীদের হাতে এসে উঠল। আইনল্যান্ড অফ ডক্টর মোরো কল্পনার জগত থেকে বাস্তবতায় নেমে এল। জীবজগতের বেশীর ভাগ রহস্যের সমাধানই রসায়ন, পদার্থবিদ্যা বা আণবিক পরীক্ষানিরীক্ষার মাধ্যমে খোঁজা আরম্ভ হল।

মেঘনাদ সাহা প্রতিষ্ঠিত সাহা ইন্সটিটিউট এর প্রফেসর দাশগুপ্ত মহাজাগতিক রশ্মির গবেষণা ছেড়ে নিজের হাতে ভারতের প্রথম ইলেকট্রন মাইক্রোস্কোপ তৈরি করে বীজাণু, ভাইরাস, রাইবোজোম, ক্রোমোজোম ইত্যাদি চাক্ষুষ পরীক্ষা করতে আরম্ভ করলেন - ভারতবর্ষে অন্যতম প্রথম বায়ফিজিক্স ল্যাবরেটরি থেকে আন্তর্জাতিক জার্নালে বৈজ্ঞানিক প্রবন্ধ ছাপা শুরু হল। শ্রডিঙ্গার ও দাশগুপ্ত স্যার, এই দুই মিলে আমায় বায়ফিজিক্সে গবেষণার জগতে ঠেলে দিল।

সাহা ইন্সটিটিউটের রাজাবাজারে আদি বাড়ি থেকে বেরিয়ে বায়োফিজিক্স ল্যাবরেটরি বেলগাছিয়ায় ভেটেরিনারি কলেজ ক্যাম্পাসে জায়গা নিয়েছিল; মাখন রঙের একতলা দ-আকৃতির নতুন বাড়ি; সামনে ছোট লন, বাড়ীর সামনে ও পাশে কেয়াবতীর কেয়ারিতে লাল হলুদের সমারোহ। সমস্ত বাড়ী জুড়ে ঝকঝকে করিডর, দুপাশে ঘর, বন্ধ দরজার পেছনে হয় অধ্যাপকদের অফিস অথবা ডক্টরেট বা পোস্টডক্টরেটদের ল্যাবরেটরি। কর্মরত বিজ্ঞানীদের এত কাছ থেকে আগে কখনো

দেখিনি। বায়োফিজিক্স ল্যাবরেটরির বেলগাছিয়া বিভাগের প্রধান ছিলেন নীরজ নাথ দাশগুপ্ত, ইলেকট্রন মাইক্রোস্কোপিস্ট হিসেবে ভারতে তো বটেই, বিশ্বে পরিচিত; আমি যখন যোগ দি, সেসময় তাঁর ছাত্রেরা ডি এন এ'র আকৃতি, আকার, ও তার ওপর তাপ, বিস্ফুরণ ও পরিব্যক্তি সংঘটক বস্তুর (mutagens) প্রভাব মাপছিলেন নানা ভৌতিক প্রযুক্তির সাহায্যে; তার মধ্যে ইলেকট্রন মাইক্রোস্কোপ আমার কাছে সবচেয়ে আকর্ষণীয় মনে হয়েছিল। অন্য তিন জন অধ্যাপকের দুজন, রমেন পোদ্দার ও সুখেন্দু ভট্টাচার্য, বংশানুগতি ও ভৌতিক প্রযুক্তি মিলিয়ে ভাইরাসের প্রজনন বিধি ও বংশানুর বিস্ফুরণ-জনিত ক্ষতির মেরামত নিয়ে কাজ

করছিলেন; মিহির দে বীজাণু ও শারীর কোষদের বৈদ্যুতিক চরিত্র ও তাদের বিস্ফুরণ-জনিত পরিবর্তন পরীক্ষা করছিলেন। জীববিজ্ঞানে প্রকৃত শিক্ষার অভাবে আমার কাছে এঁদের কাজের গুরুত্ব পুরোপুরি তখন প্রকাশ পায় নি। পদার্থবিদ্যায় শিক্ষার দরুন ডি এন এ'র ভৌত বৈশিষ্ট্য মাপবার যথাযথ নির্ভুল উপায় আমার কাছে সহজবোধ্য ও আকর্ষণীয় লাগত। সেজন্য যখন ডঃ দাশগুপ্ত ওঁর কাছে কাজ করবার সুযোগ দিলেন তখন অন্য কোনরকম বিবেচনা না করেই তাঁর ছাত্র হিসেবে ঢুকে গেলাম। বায়োফিজিসিস্ট হিসেবে আমার গবেষণার জীবন শুরু হল।

Humor in Life

A husband thinks that his wife may be getting deaf, as she seldom answers his questions. To confirm before making an appointment with a doctor he comes up with an idea. He goes home and finds his wife cooking dinner in the kitchen.

He stands about 20 feet behind her and asks, "What are we having for Dinner?"

There is no Answer!

He walks another 5 feet towards his wife and asks her the same question again.

There is still no Answer.

He moves even further and is 10 feet away from his wife and repeated his question.

No Answer.

He finally walks very close to his wife and asks the same question again.

The wife shrieks, "This is the fourth time I am answering, "CHICKEN! Are you TURNING DEAF OR WHAT!!!!!"

—

A man brought some tablets and started cutting their edges. When his friend asked him why he was doing that, he replied that he wanted to avoid side effects.

Obituary

Mintu Pal



Mintu Pal, 75, passed away on Sunday, July 15th in Ellicott City, MD. Mintu was a man of many passions including bridge, photography, politics, sports and theater. Above all, Mintu loved "adda," the uniquely Bengali form of intellectual exchange centered around discussing the issues of the day in a good-natured and vociferous way. He was also an active member of CUAA-DC. Mintu emigrated from Kolkata, India to the United States in 1975. He loved both his country of origin and his adopted country. Professionally, Mintu was a deeply knowledgeable and committed actuary, earning distinction as a Fellow of the Society of Actuaries.

Mintu is survived by his wife Krishna, his daughter Swati and son-in-law Shuvo, his daughter-in-law Elizabeth, and by four grandchildren who brought him great joy, Misha (9), Sophie (6), Hudson (4) and Grayson (2). Mintu was predeceased by his beloved son Sumitro.

Sikha Roy




On Friday, July 20, 2018, we lost a beloved member of our community, Mrs. Sikha Roy of Gaithersburg, MD. She was born Sikha Sen on September 13, 1949 in Kolkata, India, and spent her childhood there. Later, she lived in Ottawa (Canada), Chicago, Phoenix, Dallas, and the Washington DC area. She studied both Physics and Education, completing Master's degrees in both fields with distinction. For many years, she was a loving and busy homemaker, raising her two sons. During her career, she was a teacher at several schools, and a Patent Examiner for the United States, from which position she retired. She loved to travel with her family, and travelled extensively in India, the United States, and other countries. She enjoyed music of many types, especially devotional Bengali songs and American country music, and played the guitar. She is the beloved wife of Dilip Roy (married 42 years); devoted mother of sons Sandip (wife, Mengran) and Kaushik (wife, Emmalynne); and cherished grandmother "Thamma" of Daniel and Avik. She is also survived by her sister, Rina Das, her sister-in-law, Gopa Roy, her cousin, Reema Sarker, and all of her extended family and dear friends in India and United States.



YOUR FRIEND, YOUR NEIGHBORHOOD REALTOR®

Nazir Ullah, the Realtor you can Trust with Confidence!



NAZIR ULLAH
REALTOR®

LONG & FOSTER
REAL ESTATE

CHRISTIE'S
INTERNATIONAL REAL ESTATE

REALTOR®

Leading
REAL ESTATE
COMPANIES
IN THE WORLD

Nazir Ullah gets the results that you want: buying, selling, or investing in real residential property.

Your house, your dream. Your agent, Nazir Ullah. The name of your trust!

301-537-9885 Cell
301-424-0900 Office
Nazir.Ullah@longandfoster.com
www.NazirUllah.LNF.com



CHRISTIE'S
INTERNATIONAL REAL ESTATE

Rockville Centre Office: 795 Rockville Pike, Rockville, MD 20852

**TOP PRODUCER • MULTI-MILLION DOLLAR PRODUCER • LICENSED IN MARYLAND, VIRGINIA, AND DC
NOTARY PUBLIC**



Best wishes to
All Calcutta University
Alumni

From
Ghosh Family
Manik, Sanchita, Sanchari
and Souvik

TAALIM MUSICALS



202-510-1726

Mitali0912@Yahoo.com

ACADEMY OF INDIAN CLASSICAL MUSIC

Potomac & Germantown, MD

Group and Individual lessons offered at all levels in:

*INDIAN CLASSICAL VOCAL, SEMI-CLASSICAL,
BHAJAN, GHAZAL, GEET, BENGALI SONGS, HARMONIUM*

ঘরের খাবার



Gharer Khabar

By

Raja catering

Call Raja or Rumpa
@
(703) 973-2432



Gharer Khabar
★★★★ 19 reviews

5151 Lee Highway,
Arlington VA-22207

**Our Hearty Vijaya
Greetings to all members
of CUAA**

**Sankar & Jayasree Basu,
Rockville, MD**

Best Wishes

From

Raka and Bratin

Saha

Best Wishes

From

**Radharaman &
Prabhati Ray**

Best Wishes

From

**Braja, Parna, Romita and
Ronit Chattaraj**

**Best wishes to
All Calcutta University
Alumni**

From

**Biswas Family
Roopa, Dhruba, Deep and Diya**

Best wishes

From

Sohan, Nandita

and Utpal Dasgupta

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন সদস্যদের
জানাই আমাদের
আন্তরিক প্রীতি, শুভেচ্ছা ও আভিনন্দন
সুমন, মহুয়া ও রাজিত মুখোপাধ্যায়

Best wishes
To
All CUAA-DC Members
from
**Debkumar and Pramita
Chatterjee**

যাঁদের শিক্ষা ও স্নেহ পথ নির্দেশনায়
আমাদের জীবন গড়ে উঠেছে
কলিকাতা বিশ্ববিদ্যালয়ের
সেই বরণ্য শিক্ষকদের
প্রণাম জানাই
মনীষা ও লোকেশ

May Goodwill and
Prosperity Prevail
From Chatterjee Family
Disha, Saborni,
Sreejato & Digonto

Best Wishes to
CUAA-DC
Subir Sen

Wishing you all
our best
CUAA-DC Executive
Committee



With Complements from
The Motayed Family



**Opening A New Frontier of Education & Research In Kolkata
(130,000 sq. ft. building)**

INTERNATIONAL INSTITUTE OF INNOVATION AND TECHNOLOGY

School of Science, Technology Engineering and Mathematics

School of Management and Entrepreneurship

School of Public Health and Health Sciences

School of Biomedical Sciences

“SHANTI”

**A New Orphanage, School, and Training Center
for Destitute Women and 500 Children
in Dankuni, West Bengal**

A PROJECT OF

Pradip and Kumkum Ghosh Family Foundation

Columbia, Maryland, USA - Kolkata, India

www.GhoshFamilyFoundation.org

